আল কুরআন

অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি

আমি তোমাদেরকে পড়ে শুনাই এ সমস্ত আয়াত এবং নিশ্চিত বর্ণনা।

সূরা আল ইমরান ৫৮

দৈনিক **কীর্তনখোলা**

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ মঙ্গলবার ॥ ২৮ জুলাই ২০২৬ ॥ ১৩ সফর ১৪৪৮ ॥ ১৩ শ্রাবণ ১৪৩৩ ॥ ৯ম বর্ষ ॥ ৫৭ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

সরকারের গঠনমূলক সমালোচনার পাশাপাশি ইতিবাচক কার্যক্রমও তুলে ধরার আহ্বান

কীর্তনখোলা ডেস্ক

প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে বৈঠক করেছেন ন্যাশনাল এডিটরস কাউন্সিলের নেতারা। সোমবার (২৭ জুলাই) ২ এর পাতায় দেখুন

টুথপেস্টে মাইক্রোপ্লাস্টিক: তদন্ত চেয়ে হাইকোর্টে রিট

কীর্তনখোলা ডেস্ক

দেশের বাজারে বিক্রি হওয়া ৩৪ টুথপেস্টের নমুনার মধ্যে ২৬টিতেই ক্ষতিকর মাইক্রোপ্লাস্টিকের উপস্থিতি পাওয়া গেছে। এ ঘটনায় সরকারের সংশ্লিষ্ট পক্ষগুলোর বিরুদ্ধে তদন্ত চেয়ে হাইকোর্টে ২ এর পাতায় দেখুন

আইনশৃঙ্খলা পরিস্থিতির উন্নতি না হলে দেশে বিনিয়োগ সম্ভব নয়

কীর্তনখোলা ডেস্ক

দেশে আইনশৃঙ্খলা পরিস্থিতির কাঙ্ক্ষিত উন্নতি না হলে কোনোভাবেই নতুন বিনিয়োগ আকর্ষণ করা সম্ভব নয় বলে মন্তব্য ২ এর পাতায় দেখুন

গ্যাস-সংকটের জন্য অনিয়ম-সিন্ডিকেট অনেকাংশে দায়ী: জামায়াত

কীর্তনখোলা ডেস্ক

গ্যাস-সংকটের জন্য সরকারের অব্যবস্থাপনা, অনিয়ম ও সিন্ডিকেট অনেকাংশে দায়ী বলে মন্তব্য করেছে বাংলাদেশ ২ এর পাতায় দেখুন

হটস্পট পিরোজপুর ও ঝালকাঠি

বরিশালে ক্রমশ ভয়ঙ্কর রূপ নিচ্ছে ডেঙ্গু

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল বিভাগজুড়ে ক্রমশ ভয়ঙ্কর রূপ নিচ্ছে ডেঙ্গু। এরই মধ্যে রোগীর সংখ্যা ছাড়িয়েছে তিন হাজার। যার মধ্যে শুধুমাত্র চলতি জুলাই মাসের গত ২৭ দিনে আক্রান্ত হয়েছেন ১ হাজার ৫৪৬ জন। গতকাল সোমবার (২৭ জুলাই) একজন নিয়ে চলতি মাসেই মৃত্যু হয়েছে ৬ জনের। স্বাস্থ্য বিভাগের তথ্য অনুযায়ী, বিভাগের ছয় জেলার মধ্যে পিরোজপুর এবং ঝালকাঠি জেলা ডেঙ্গুর হটস্পটের দিকে যাচ্ছে। কেননা এখন পর্যন্ত মৃত্যুবরণ করা পাঁচজনসহ আক্রান্ত বেশিরভাগ এই দুই জেলার বাসিন্দা। স্বাস্থ্য বিভাগ বলছে, বর্ষা মৌসুম ঘিরে ডেঙ্গু রোগী বেড়েছে। এজন্য মশক নিধনে সিটি করপোরেশন, পৌরসভা এবং উপজেলা প্রশাসনের জরুরি উদ্যোগ গ্রহণ প্রয়োজন। মশা নিধন এবং স্বাস্থ্যবিধি অনুসরণ করতে পারলে ডেঙ্গু প্রতিরোধ সম্ভব বলে মনে করছেন তারা। তবে প্রকোপ বাড়তে শুরু করলেও ডেঙ্গু মোকাবিলায় জেলাগুলোয় কার্যকর কোনো পদক্ষেপ নেই বলে অভিযোগ আক্রান্ত রোগী এবং তাদের স্বজনদের। এমনকি শের-ই-বাংলা মেডিকেল কলেজ, পটুয়াখালী মেডিকেল কলেজ হাসপাতাল এবং বরিশাল জেনারেল হাসপাতালেও ডেঙ্গু আক্রান্ত রোগীদের চিকিৎসার জন্য আলাদা ব্যবস্থা নেই। সাধারণ রোগীর সঙ্গেই চিকিৎসা দেওয়া হচ্ছে তাদের। স্বাস্থ্য অধিদপ্তরের বরিশাল বিভাগীয় পরিচালকের কার্যালয়ের তথ্য অনুযায়ী, চলতি বছরে এ পর্যন্ত বরিশাল বিভাগে ৩ হাজার ৫৬৭ জন ডেঙ্গু আক্রান্ত রোগী ভর্তি হয়েছে সরকারি হাসপাতালগুলোতে। এর মধ্যে শুধু চলতি মাসেই ২৭ জুলাই সকাল ৮টা পর্যন্ত বিভাগে ১ হাজার ৫৪৬ জন রোগী আক্রান্ত হয়েছে। এখন পর্যন্ত বিভাগে ৬ জনের মৃত্যু হয়েছে। এর মধ্যে ২৫ জুলাই রাতে বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ (শেবাচিম) হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যু হয় রূপালী আক্তার ২ এর পাতায় দেখুন

বরিশালে তথ্যমন্ত্রী

সাংবাদিকতা বর্তমানে সবচেয়ে বেশি চ্যালেঞ্জের মুখোমুখি

কীর্তনখোলা রিপোর্ট

তথ্য ও সম্প্রচারমন্ত্রী জহির উদ্দিন স্বপন এমপি বলেছেন, সাংবাদিকতা পেশা বর্তমানে সবচেয়ে বেশি চ্যালেঞ্জের মুখোমুখি। তথ্যের অবাধ প্রবাহের এই সময়ে বস্তুনিষ্ঠ সংবাদ খুঁজে বের করে জনগণের সামনে তুলে ধরা সাংবাদিকদের জন্য বড় চ্যালেঞ্জ। সোমবার (২৭ জুলাই) দুপুর ১২টায় বরিশাল সার্কিট হাউজ সম্মেলন কক্ষে বরিশাল বিভাগের সাংবাদিকদের পেশাগত কল্যাণ, নিরাপত্তা এবং বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্টের কার্যক্রম আরও বেগবান করার লক্ষ্যে অনুষ্ঠিত মতবিনিময় সভায় তিনি এসব কথা বলেন। এসময় তথ্যমন্ত্রী বলেন, রাষ্ট্র ও সমাজকে প্রতিনিয়ত আয়নার সামনে দাঁড় করায় গণমাধ্যম। তাই দায়িত্বশীল সাংবাদিকতাকে টিকিয়ে রাখা রাষ্ট্র, সমাজ ও মানুষের সম্মিলিত দায়িত্ব। তথ্যমন্ত্রী আরও বলেন ২ এর পাতায় দেখুন

এসএসসি পরীক্ষার ফল প্রকাশ ১০ আগস্ট

কীর্তনখোলা ডেস্ক

এসএসসি ও সমমান পরীক্ষার ফলাফল আগামী ১০ আগস্ট প্রকাশ করা হবে। ওইদিন সকাল ১০টায় আনুষ্ঠানিকভাবে ফল ঘোষণা করা হবে। সোমবার (২৭ আগস্ট) দুপুর আড়াইটার দিকে বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির সভাপতি ও ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক সৈয়দ আক্তারুজ্জামান এ তথ্য নিশ্চিত করেছেন। এর আগে ২০ জুলাইয়ের মধ্যে ফল প্রকাশের ঘোষণা দিয়েছিলেন শিক্ষামন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন। তবে ঘোষিত সময়ের মধ্যে ফল প্রকাশ না হওয়ায় নানা রকম গুঞ্জন ছড়িয়ে পড়ে। উদ্বেগ জানান পরীক্ষার্থী ও অভিভাবকরাও। এরপর শিক্ষামন্ত্রী চলতি মাসের মধ্যেই ফল প্রকাশ করা যায় কি না, তা নিয়ে চিন্তাভাবনা চলছে বলে জানান। সেসময় বোর্ডকে ২৮ জুলাইয়ের মধ্যে ফল প্রস্তুত রাখতে নির্দেশনা দেওয়া হয়। এরপর মন্ত্রণালয় সূত্র জানিয়েছিল ৩০ জুলাই ফল প্রকাশের তারিখ নির্ধারণ করা হতে পারে। তা না হলে আগস্টে গণ-অভ্যুত্থান-সংশ্লিষ্ট বিভিন্ন অনুষ্ঠান থাকায় ফল প্রকাশ আরও পিছিয়ে যেতে পারে। চলতি বছরের এসএসসি ও সমমানের লিখিত পরীক্ষা শেষ হয় গত ২০ মে।

দুই হাজার একর

খাসজমি ব্যক্তিমালিকানায় চাকরি হারালেন ভূমি কর্মকর্তা

মুলাদী প্রতিনিধি

বরিশালের হিজলায় সরকারি খাসজমির খাজনা গ্রহণ করায় এক ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা (তহসিলদার) চাকরিচ্যুত হয়েছেন। উপজেলার ধুলখোলা ইউনিয়ন ভূমি অফিসের ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা (সাময়িক বরখাস্তকৃত) শঙ্কর চন্দ্র মালাকারকে চাকরি থেকে চূড়ান্ত বরখাস্ত করা হয়। সোমবার দুপুরে হিজলা সহকারী কমিশনার (ভূমি) অভ্র জ্যোতি বড়াল বিষয়টি নিশ্চিত করেছেন। ক্ষমতার অপব্যবহার এবং সরকারি জমি অবৈধভাবে ব্যক্তিমালিকানায় দেওয়ার অভিযোগ প্রমাণিত হওয়ায় তাঁকে চূড়ান্তভাবে বরখাস্ত করা হয় বলে জানান তিনি। এর আগে ২২ জুলাই বরিশাল বিভাগীয় কমিশনার কার্যালয় থেকে জারি করা এক আদেশে শঙ্কর চন্দ্র মালাকারকে বরখাস্তের সিদ্ধান্তের কথা জানানো হয়। বিভাগীয় কমিশনার খলিল আহমেদের স্বাক্ষরিত ওই আদেশে বলা হয়েছে, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২ এর পাতায় দেখুন

তথ্য ও সম্প্রচার মন্ত্রী জহির উদ্দিন স্বপনকে ফুলেল শুভেচ্ছা জানান বরিশাল সদর উপজেলা বিএনপি'র নবগঠিত নেতৃবৃন্দ -কীর্তনখোলা

শাপলা চত্বরে হত্যাকাণ্ড

হাসিনা-আজিজ-বেনজীরসহ আসামির তালিকায় 'হেভিওয়েট' ৪১ জন

কীর্তনখোলা ডেস্ক

রাজধানীর মতিঝিলের শাপলা চত্বরে ২০১৩ সালের ৫ মে হেফাজতে ইসলামের সমাবেশ ঘিরে সংঘটিত হত্যাযজ্ঞের ঘটনায় মানবতাবিরোধী অপরাধের মামলায় ৪১ জনকে আসামি করা হয়েছে। এ তালিকায় ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ আওয়ামী লীগের তৎকালীন মন্ত্রী-প্রতিমন্ত্রী আর ২ এর পাতায় দেখুন

বৃষ্টির অজুহাতে বরিশালে বেড়েছে সবজি-মাছের দাম

কীর্তনখোলা রিপোর্ট

সপ্তাহের ব্যবধানে বরিশালের পাইকারি বাজারে বেড়েছে সব ধরনের সবজি ও মাছের দাম। যার প্রভাব পড়েছে খুচরা বাজারেও। এমন অবস্থায় বিড়ম্বনায় পড়েছেন সাধারণ ক্রেতারা। ব্যবসায়ীদের দাবি, বৃষ্টির কারণে সরবরাহ কমায় বাড়ছে দাম। তবে দাম কমায় কিছুটা স্বস্তি ফিরেছে মুরগির বাজারে। সোমবার (২৭ জুলাই) সকালে বরিশাল নগরীর পোর্ট রোড মাছের বাজার ও বহুমুখী সিটি মার্কেট পাইকারি সবজির বাজার ঘুরে এমন চিত্র দেখা গেছে। পাইকারি সবজির বাজার ঘুরে দেখা গেছে, শুধু পেঁপে, পটোল, চিচিঙ্গা, ঢেঁড়স ও ঝিঙে তুলনামূলক কম দামে বিক্রি হচ্ছে। পেঁপে প্রতি কেজি ৩৫ টাকা, পটোল ৫০ টাকা, চিচিঙ্গা ৫০ টাকা, ঢেঁড়স ৬০ এবং ঝিঙে ৫০-৬০ টাকায় বিক্রি হচ্ছে। এছাড়া বেগুন ১১০-১২০ টাকা, শসা ৮০-১০০ টাকা, কাঁচামরিচ ২৩০-২৬০, টমেটো ১৮০-২০০, গাজর ১৪০, করলা ৮০-৮৫, বরবটি ৮০ এবং কাঁকরোল ও কচুর লতি ৬০-৮০ টাকা কেজি দরে বিক্রি হচ্ছে। এসব সবজি খুচরা বাজারে দ্বিগুণ দামে বিক্রি করতে দেখা গেছে। এমন অবস্থায় বাজারে গিয়ে বিপাকে সাধারণ ক্রেতারা। বাংলাবাজারে আসা দেলোয়ার হোসেন বলেন, কিছুদিন আগেও ২ এর পাতায় দেখুন



আন্দালিব রহমান পার্থ এমপি

শেখ হাসিনা দেশে আসছেন এটি রাজনৈতিক কথা, বাস্তবতা নেই

ভোলা প্রতিনিধি

ক্ষমতাচ্যুত ও দেশত্যাগ করা দেশের সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশে আসছেন- সাম্প্রতিক সময়ের এমন আলোচনাকে দল টিকিয়ে রাখার জন্য একটা রাজনৈতিক কথা, এছাড়া আর কিছুই নয়, এর বাস্তবতা নেই বলে মন্তব্য করেছেন বাংলাদেশ জাতীয় পার্টির চেয়ারম্যান (বিজেপি) ও ভোলা-১ সদর ২ এর পাতায় দেখুন

হাতেম আলী কলেজের উপাধ্যক্ষ হিসেবে মোসা. মেহবুবা আলমের যোগদান

ফজলে রাব্বি, সৈয়দ হাতেম আলী কলেজ

বরিশালের সরকারি সৈয়দ হাতেম আলী কলেজের উপাধ্যক্ষ হিসেবে আনুষ্ঠানিকভাবে যোগদান করেছেন অধ্যাপক মোসা. মেহবুবা আলম। বৃহস্পতিবার (২৩ জুলাই ২০২৬) তিনি কলেজে যোগদান করে উপাধ্যক্ষ হিসেবে দায়িত্বভার গ্রহণ করেন। তাঁর যোগদানের মধ্য দিয়ে কয়েকদিন ধরে আলোচনায় থাকা পদায়ন-সংক্রান্ত জটিলতার অবসান ঘটেছে। এর আগে শিক্ষা মন্ত্রণালয়ের প্রজ্ঞাপনের মাধ্যমে ফরিদপুর সরকারি রাজেন্দ্র কলেজ থেকে তাঁকে সরকারি সৈয়দ হাতেম আলী কলেজের উপাধ্যক্ষ পদে পদায়ন করা হয়। তবে ২২ জুলাই যোগদান করতে এসে তিনি ক্যাডার ও নন-ক্যাডার শিক্ষক ইস্যুকে কেন্দ্র করে সৃষ্ট আপত্তির মুখে পড়েন। এ সময় বরিশালের বিভিন্ন সরকারি কলেজের ক্যাডার শিক্ষকদের পক্ষ থেকে ২ এর পাতায় দেখুন

শাপলা বিলে ঘুরতে গিয়ে নৌকা থেকে পড়ে পর্যটকের মৃত্যু

উজিরপুর প্রতিনিধি

বরিশালের উজিরপুরে ১২ জন বন্ধু মিলে হৈ চৈ করে গিয়েছিলেন লাল শাপলা বিলের সৌন্দর্য দেখতে। বিলে ঘুরে বেড়ানোর জন্য একটি ছোট নৌকাও ভাড়া করেন তারা। হাসি, আনন্দ আর আড্ডার মাঝেই হঠাৎ নৌকাটি ভারসাম্য হারিয়ে কাত হয়ে গেলে একজন পানিতে পড়ে তলিয়ে যান। প্রায় আধা ঘণ্টা খোঁজাখুঁজির পর স্থানীয় লোকজন তাঁর মরদেহ উদ্ধার করেন। সোমবার উপজেলার সাতলা ইউনিয়নের মুরি বাড়ি পর্যটন ২ এর পাতায় দেখুন

ভাঙ্গা-কুয়াকাটা ৬ লেন: দক্ষিণাঞ্চলের অর্থনৈতিক মুক্তির মহাসড়ক

বদরুল আলম নাবিল

লেখক ও নির্বাহী সম্পাদক বাংলাভিশন

পদ্মা সেতু উদ্বোধনের পর বাংলাদেশের যোগাযোগ ব্যবস্থায় এক নতুন যুগের সূচনা হয়েছে। বিশেষ করে দক্ষিণ ও দক্ষিণ-পশ্চিমাঞ্চলের মানুষের দীর্ঘদিনের বিচ্ছিন্নতা দূর হয়েছে এবং এই অঞ্চলের অর্থনৈতিক সম্ভাবনা নতুনভাবে উন্মোচিত হয়েছে। তবে পদ্মা সেতুর পূর্ণ সুফল এখনও পুরোপুরি কাজে লাগানো সম্ভব হয়নি। এর অন্যতম কারণ ভাঙ্গা থেকে কুয়াকাটা পর্যন্ত জাতীয় মহাসড়ক (ঘ৮)-এর অধিকাংশ অংশ এখনো দুই লেনের। ফলে ২ এর পাতায় দেখুন

'জুলাই ছিলো আগুনমাখা, জুলাই ছিলো রক্ত'

মৌমিতা বিনতে মিজান

জুলাই কর্নার

২৮ জুলাই ২০২৪। রাজধানী ঢাকাসহ সারাদেশে আইনশৃঙ্খলা বাহিনীর সাঁড়াশি অভিযানে ছাত্র-জনতা এবং বিরোধী দলের নেতাকর্মীদের গনহারে গ্রেফতার অব্যাহত থাকে। অন্যদিকে একই দিনে ডিবি কার্যালয় থেকে নাহিদ ইসলাম, সারজিস আলম ও হাসনাত আবদুল্লাহসহ ছয়জন সমন্বয়কের একটি ভিডিও বার্তা প্রচার করা হয়, যেখানে আন্দোলন প্রত্যাহারের ঘোষণা দেওয়া হয়। সমন্বয়কদের আন্দোলন প্রত্যাহারের ঘোষণার পরে জনমনে অনেকটা বিভ্রান্তি তৈরি হয়। অনেকেই তখন মনে করেন আন্দোলন হয়তো দুর্বল হয়ে ২ এর পাতায় দেখুন

সম্পাদকীয়

নিয়ন্ত্রণে ব্যাপক পদক্ষেপ নিন

সারা দেশেই আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে শঙ্কা সৃষ্টি হয়েছে। খুন, ধর্ষণ, ডাকাতি, লুটপাট, ছিনতাইয়ের মতো ঘটনায় জনজীবনে আতঙ্ক বিরাজ করছে। এ ছাড়া এলাকায় আধিপত্য বিস্তার, চাঁদাবাজি, মাদক কারবারের নিয়ন্ত্রণ এবং অপরাধী গোষ্ঠীগুলোর অভ্যন্তরীণ দ্বন্দ্ব থেকেও খুনখারাবির অনেক ঘটনা ঘটছে। প্রতিদিনই গণমাধ্যমে এমন অনেক খবর প্রকাশিত হচ্ছে। প্রকাশিত খবরে বলা হয়, রাজধানীর অপরাধজগৎ নিয়ন্ত্রণকারী আন্ডারওয়ার্ল্ডের শীর্ষ সন্ত্রাসীদের নিয়ন্ত্রণে অর্ধশতাধিক শ্যুটার বা পেশাদার হত্যাকারী সক্রিয় রয়েছে বলে তথ্য পেয়েছে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি)। গোয়েন্দা কর্মকর্তাদের ভাষ্য, সাম্প্রতিক সময়ে শীর্ষ সন্ত্রাসী খন্দকার নাঈম আহমেদ টিটন, তারিক সাইফ মামুন, ইয়াছিন খান ওরফে কাইল্লা পলাশসহ অন্তত ১১ জনকে পরিকল্পিতভাবে গুলি করে হত্যা করা হয়েছে। এসব হত্যাকাণ্ডের পেছনে এলাকায় আধিপত্য বিস্তার, চাঁদাবাজি, মাদক কারবারের নিয়ন্ত্রণ এবং অপরাধী গোষ্ঠীগুলোর অভ্যন্তরীণ দ্বন্দ্ব কাজ করেছে বলে তদন্তে উঠে এসেছে। তদন্তসংশ্লিষ্ট সূত্র বলছে, জামিনে থাকা শীর্ষ সন্ত্রাসীরা আড়ালে থেকে পরিকল্পনা ও নির্দেশনা দিয়ে হত্যাকাণ্ড ঘটাচ্ছে। তাদের প্রত্যেকেরই আলাদা 'শ্যুটার' বা 'কিলার গ্রুপ' রয়েছে। এসব গ্রুপের সদস্যদের কাছে ছোট ও ভারীভুই ধরনের আগ্নেয়াস্ত্রই রয়েছে। গোয়েন্দাদের আশঙ্কা, নিকট ভবিষ্যতে তারা এ ধরনের আরো পরিকল্পিত হত্যাকাণ্ড ঘটাতে পারে। দেশের বাইরে থেকেও অনেক হত্যাকাণ্ডের নির্দেশ প্রদান করা হচ্ছে। তদন্তসংশ্লিষ্ট ডিবি সূত্রের দাবি, টিটন হত্যাকাণ্ডের নির্দেশ বিদেশ থেকে এসেছে। ঘটনার প্রায় তিন মাস পর টিটন হত্যা মামলার এজাহারভুক্ত আসামি ভাঙ্গারি রনি ওরফে রনিকে একটি বিদেশি পিস্তলসহ গ্রেপ্তার করেছে ডিবি। ডিবির কর্মকর্তারা বলছেন, রনি শীর্ষ সন্ত্রাসীদের একটি কিলার গ্রুপের সদস্য এবং পেশাদার সন্ত্রাসী বলে তদন্তে তথ্য মিলেছে। হত্যা, হামলাসহ বিভিন্ন সন্ত্রাসী কর্মকাণ্ডে সে নির্দেশ বাস্তবায়নের দায়িত্ব পালন করত বলে ধারণা করা হচ্ছে। অন্যদিকে র‍্যাব-২ মিন্টু শেখ নামের আরেক শীর্ষ সন্ত্রাসীকে গ্রেপ্তার করেছে। তার বিরুদ্ধে সন্ত্রাস, ভয় দেখিয়ে চাঁদাবাজি, মাদক কারবারসহ ২৯টি মামলা রয়েছে। গতকাল গণমাধ্যমে প্রকাশিত খবর অনুযায়ী, সীমান্ত দিয়ে বিভিন্ন ধরনের মাদক ও অস্ত্রের চোরাচালান দেশে প্রবেশ করছে। মাদকের কারবার প্রত্যন্ত গ্রামাঞ্চলেও ছড়িয়ে পড়েছে। মাদক কারবারের নিয়ন্ত্রণ নিয়ে যেমন খুনখারাবি বাড়ছে, তেমনি মাদকাসক্তরা মাদক কেনার অর্থ জোগাতে অপহরণ, ছিনতাই, চাঁদাবাজিসহ নানা ধরনের অপরাধে জড়িয়ে পড়ছে। এ ছাড়া সারা দেশেই কিশোর গ্যাংয়ের অপতৎপরতা বেড়েছে। বেড়েছে মোটরসাইকেলসহ যানবাহন চুরি, ছিনতাইয়ের ঘটনা। অজ্ঞান পার্টি, মলম পার্টি এবং নানা ধরনের প্রতারকচক্রের কর্মকাণ্ডও সাধারণ মানুষের জীবনযাত্রা দুর্বিষহ করে তুলেছে। আমরা আশা করি, অপরাধ দমনে আইন-শৃঙ্খলা রক্ষা বাহিনীগুলোর কর্মকাণ্ড ব্যাপক করা হবে। একই সঙ্গে গোয়েন্দা নজরদারি বাড়াতে হবে। মাদক ও অস্ত্রের চোরাচালান রোধে সীমান্তে ব্যাপক কড়াকড়ি আরোপ করতে হবে।

সাংবাদিকতা বর্তমানে সবচেয়ে

সাংবাদিকদের পৃষ্ঠপোষকতার জন্য এখনো শক্তিশালী কোনো কাঠামো গড়ে ওঠেনি। অথচ এই পেশার অস্তিত্ব ছাড়া একটি সভ্য সমাজ কল্পনা করা যায় না। বর্তমান সরকারের সময়ে সাংবাদিকরা চাপমুক্ত পরিবেশে কাজ করতে পারছেন। এজন্য সাংবাদিক নেতৃবৃন্দ প্রধানমন্ত্রীর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেছেন। সাংবাদিকদের কল্যাণে সরকার সর্বোচ্চ সহযোগিতা করবে উল্লেখ করে মন্ত্রী বলেন, গণমাধ্যমের কল্যাণ মানেই দেশের কল্যাণ। সাংবাদিকদের পেশাগত উন্নয়ন, নিরাপত্তা ও কল্যাণ নিশ্চিত করতে সকলের সম্মিলিত সহযোগিতা প্রয়োজন। সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ আবদুল বাছির, ট্রাস্টি বোর্ডের সদস্য কাওছার হোসেন খোন্দকার, বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়নের (বিএফইউজে) প্রচার ও প্রকাশনা সম্পাদক শাহজাহান সাজু এবং বরিশাল জেলা সাংবাদিক ইউনিয়নের সভাপতি আযাদ আলাউদ্দীন। সভায় সভাপতিত্ব করেন বরিশাল বিভাগীয় কমিশনার খলিল আহমেদ। সভায় বক্তব্য রাখেন দৈনিক ইনকিলাবের বিশেষ প্রতিনিধি নাছিম উল আলম, বরিশাল প্রেস ক্লাবের সাবেক সভাপতি বীর মুক্তিযোদ্ধা নুরুল আলম ফরিদ এবং ঝালকাঠি প্রেস ক্লাবের সভাপতি আক্কাস শিকদার। অনুষ্ঠানের শুরুতে পবিত্র কুরআন তেলাওয়াত করেন দৈনিক বর্তমান-এর ব্যুরো চিফ মো. মামুন-অর-রশিদ। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন জেলা সাংবাদিক ইউনিয়নের সাধারণ সম্পাদক হাফিজুর রহমান হীরা। মতবিনিময় সভায় বরিশাল বিভাগের সাংবাদিক নেতৃবৃন্দ সাংবাদিকদের পেশাগত নিরাপত্তা, সাংবাদিক কল্যাণ ট্রাস্টের সুবিধা সম্প্রসারণ, চিকিৎসা সহায়তা, আর্থিক অনুদান, দক্ষতা উন্নয়নসহ সাংবাদিকদের বিভিন্ন সমস্যা ও সম্ভাবনা নিয়ে গুরুত্বপূর্ণ মতামত ও সুপারিশ তুলে ধরেন। এসব পরামর্শ বাস্তবায়নযোগ্য উল্লেখ করে পর্যায়ক্রমে বাস্তবায়নের আশ্বাস দেন তথ্য ও সম্প্রচারমন্ত্রী জহির উদ্দিন স্বপন। এরপর বরিশাল, ঝালকাঠী ও পটুয়াখালী জেলার ৩৯ জন সাংবাদিকের মাঝে সাংবাদিক কল্যাণ ট্রাস্টের অনুদানের চেক বিতরণ করা হয়।

গ্যাস-সংকটের জন্য

জামায়াতে ইসলামী। দলটির সহকারী সেক্রেটারি জেনারেল এবং কেন্দ্রীয় প্রচার ও মিডিয়া বিভাগের সেক্রেটারি এহসানুল মাহবুব জুবায়ের রোববার এক বিবৃতিতে এ মন্তব্য করেন। বিবৃতিতে জুবায়ের বলেন, দেশের নাগরিকেরা নিত্যপ্রয়োজনীয় এলপিজি ও সিএনজি গ্যাসের তীব্র সংকটে ভুগছেন। বাসাবাড়িতে রান্নাবান্না, সিএনজিচালিত যানবাহন পরিচালনা ও কলকারখানায় উৎপাদন ব্যাপকভাবে ব্যাহত হওয়ায় তিনি গভীর উদ্বেগ প্রকাশ করেন। গ্যাস-সংকট দ্রুত কাটছে নাগ্যাস-সংকট দ্রুত কাটছে না জামায়াত নেতা বলেন, বেশ কিছুদিন ধরে তীব্র গ্যাস-সংকটের কারণে রাজধানীর সিএনজি স্টেশনগুলোতে গাড়ির দীর্ঘ সারি দেখা যাচ্ছে। এতে লাখ লাখ কর্মঘণ্টা নষ্ট হচ্ছে এবং সাধারণ মানুষের ভোগান্তি চরমে পৌঁছেছে। এহসানুল মাহবুব জুবায়ের বলেন, দেশবাসী মনে করে, গ্যাস-সংকটের জন্য অবৈধ গ্যাস-সংযোগ এবং সরকারের অব্যবস্থাপনা, অনিয়ম ও সিন্ডিকেট অনেকাংশে দায়ী। কৃত্রিম গ্যাস-সংকট তৈরি করে গ্যাসের দাম বাড়ানোর পাঁয়তারা কোনো মহল করছে কি না, তা-ও খতিয়ে দেখতে হবে এবং নাগরিকদের দুর্ভোগ লাঘবে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে। জুবায়ের আরও বলেন, নাগরিকদের চাহিদা বিবেচনায় নতুন গ্যাসকূপ অনুসন্ধান ও খনন, বিদ্যমান কূপ থেকে গ্যাস উত্তোলন বৃদ্ধি এবং প্রয়োজনীয় এলএনজি আমদানি নিশ্চিত করতে হবে। বিবৃতিতে এহসানুল মাহবুব অভিযোগ করেন, সরকার জনগণের মৌলিক চাহিদা পূরণের পরিবর্তে অসাধু চক্রকে সুবিধা দিতে ব্যস্ত থাকায় সারা দেশে গ্যাস-সংকট আরও তীব্র হয়েছে। চলমান সংকট দ্রুত নিরসনে সরকার ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে কার্যকর পদক্ষেপ নেওয়ার আহ্বান জানান তিনি।

আইনশৃঙ্খলা পরিস্থিতির উন্নতি

করেছেন স্বরাষ্ট্রমন্ত্রী। তিনি বলেছেন, দেশি-বিদেশি বিনিয়োগের প্রধান শর্তই হলো স্থিতিশীল পরিবেশ ও নিরাপত্তা। এই নিরাপত্তা নিশ্চিত করতে সরকার 'জিরো টলারেন্স' নীতিতে কাজ করছে। সোমবার (২৭ জুলাই) চট্টগ্রামের আনোয়ারায় চায়নিজ ইকোনমিক অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল জোনের (সিইআইজেড) উন্নয়নকাজের আনুষ্ঠানিক উদ্বোধন শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী এসব কথা বলেন। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, যে কোনো দেশের টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং শিল্পায়নের মূল ভিত্তি হলো শক্তিশালী আইনশৃঙ্খলা পরিস্থিতি। বিনিয়োগকারীরা তাদের পুঁজি খাটাতে চান নিরাপদ ও অনুকূল পরিবেশে। যদি জানমালের নিরাপত্তা নিয়ে সামান্যতম শঙ্কাও থাকে, তবে বিদেশি বিনিয়োগ তো দূরের কথা, দেশীয় উদ্যোক্তারাও বিনিয়োগে এগোবেন না। বিশেষ অর্থনৈতিক অঞ্চলের নিরাপত্তার বিষয়ে আশ্বস্ত করে মন্ত্রী আরও বলেন, সিইআইজেডসহ দেশের সবকটি অর্থনৈতিক অঞ্চলের সার্বিক নিরাপত্তায় বিশেষ ব্যবস্থা নেওয়া হয়েছে। শিল্পাঞ্চলের আইনশৃঙ্খলা রক্ষায় ইন্ডাস্ট্রিয়াল পুলিশের পাশাপাশি অন্যান্য আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীও অত্যন্ত তৎপর রয়েছে। কোনো ধরনের অপতৎপরতা বরদাশত করা হবে না। উন্নয়নকাজের এই উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অর্থ ও পরিকল্পনামন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে আরও উপস্থিত ছিলেন বাংলাদেশ চীনা অর্থনৈতিক অঞ্চলের চেয়ারম্যান ওয়াং বেংকিয়ান, চীনা সড়ক এবং সেতু কর্পোরেশনের (সিআরবিসি) ভাইস প্রেসিডেন্ট লি চাংগুই, চীনা রাষ্ট্রদূত এইচ ই ইয়াও ইয়েন, বেজার নির্বাহী চেয়ারম্যান আশিক চৌধুরী, ভূমি ও পার্বত্য বিষয়ক প্রতিমন্ত্রী মীর হেলাল উদ্দিন এবং চট্টগ্রাম-১৩ আসনের সংসদ সদস্য সরওয়ার জামাল নিজামসহ চট্টগ্রামের স্থানীয় সংসদ সদস্যরা। সংশ্লিষ্টরা মনে করছেন, আনোয়ারার এই বিশেষ অর্থনৈতিক অঞ্চলটি পুরোপুরি চালু হলে দেশে বিপুল পরিমাণ বৈদেশিক বিনিয়োগ আসবে। সেই সঙ্গে স্থানীয় স্তরে লাখো মানুষের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে। তবে এই বিপুল সম্ভাবনাকে বাস্তব রূপ দিতে আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক ও স্থিতিশীল রাখার কোনো বিকল্প নেই বলে মনে করছেন বিশেষজ্ঞরা।

টুথপেস্টে মাইক্রোপ্লাস্টিক:

একটি রিট আবেদন করা হয়েছে। সুপ্রিম কোর্টের আইনজীবী মো. আবদুল্লাহ আল মামুন জনস্বার্থে এই রিটটি দায়ের করেন। সংবাদমাধ্যমকে এই আইনজীবী বলেন, প্রাথমিকভাবে এই ঘটনার তদন্ত চান তিনি। তদন্তে অভিযোগ প্রমাণিত হলে পণ্যগুলো বাজার থেকে প্রত্যাহারের আবেদন করবেন। এর আগে রোববার (২৬ জুলাই) 'মাইক্রোপ্লাস্টিক ইন টুথপেস্ট' শীর্ষক গবেষণার ফল প্রকাশ করে এনভায়রনমেন্ট অ্যান্ড সোশ্যাল ডেভেলপমেন্ট অর্গানাইজেশন (ইএসডিও)। ইএসডিও জানায়, ২০২৫ সালের জুলাই থেকে ২০২৬ সালের জুন পর্যন্ত পরিচালিত এ গবেষণার অংশ হিসেবে দেশের বিভিন্ন সুপারশপ, খুচরা দোকান ও পাইকারি বাজার থেকে স্থানীয় ও আমদানি করা ১৯ ব্র্যান্ডের ৩৪টি টুথপেস্টের নমুনা সংগ্রহ করা হয়। পরে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের পরিবেশবিজ্ঞান বিভাগের এনভায়রনমেন্টাল হেলথ অ্যান্ড ইকোটক্সিকোলজি (ইএইচই) ল্যাবরেটরিতে নমুনাগুলো বিশ্লেষণ করা হয়। গবেষণায় পরীক্ষা করা টুথপেস্টগুলো বাংলাদেশ, ভারত, থাইল্যান্ড ও ভিয়েতনামে উৎপাদিত। চারটি দেশের উৎপাদিত টুথপেস্টেই মাইক্রোপ্লাস্টিক পাওয়া গেছে। বাংলাদেশের ২৫টি নমুনার মধ্যে ২২টিতে, ভারতের পাঁচটির মধ্যে একটিতে, থাইল্যান্ডের দুটির মধ্যে একটিতে এবং ভিয়েতনামের দুটির দুটিতেই মাইক্রোপ্লাস্টিক শনাক্ত হয়েছে। ইএসডিওর এই গবেষণায় প্রতি ১০০ গ্রাম টুথপেস্ট পরীক্ষায় মেডিপ্লাস ফ্লুরিড জেলে সর্বোচ্চ ৩২০টি কণা পাওয়া যায়। ক্লোজ আপ রেড হটে ১৬০টি কণা, ক্লোজআপ মেন্থল ফ্রেশে ১৬০টি কণা, কোডোমো আল্ট্রা শিল্ড ফর্মুলা-স্ট্রবেরিতে ১৪০টি কণা, সিগন্যাল গ্রিন টিতে ১২০টি কণা, পেপসোডেন্ট অ্যাডভান্স সল্টে ১০০টি কণা, হিমালয়া কমপ্লিট কেয়ারে ১০০টি কণা, সেনসোডাইন ফ্রেশ মিন্টে ৮০টি কণা, পেপসোডেন্ট সেনসিটিভ এক্সপার্টে ৬০টি কণা, হোয়াইট প্লাস রেডে ৬০টি কণা, হোয়াইট প্লাস প্রো সেনসিটিভ জেলে ৬০টি কণা, মেরিল বেবি-স্ট্রবেরিতে ৬০টি কণা পাওয়া যায়। এ ছাড়া সিগন্যাল হোয়াইটেনিংয়ে ৬০টি কণা, মেডিপ্লাস টিজিপি ফর্মুলা টুথপেস্টে ৬০টি কণা, এএম.পিএম. হার্বাল টুথপেস্টে ৪০টি কণা, মেডিপ্লাস ডিএসে ৪০টি কণা, পেপসোডেন্ট জার্মিচেক প্লাসে ৪০টি কণা, মেরিল বেবি-অরেঞ্জে ৪০টি কণা, ম্যাজিক হার্বালে ৪০টি কণা, মেসবাকে ৪০টি কণা, ক্লোজআপ মেন্থল ফ্রেশ স্যাশেতে ৪০টি কণা, ডেন্টিন জেল টুথপেস্টে ২০টি কণা, পেপসোডেন্ট কিডস-অরেঞ্জে ২০টি কণা, ক্লোজ আপ লেমন সি সল্টে ২০টি কণা, ব্রাশ আপ হোয়াইটেনিং জেলে ২০টি কণা এবং হোয়াইট প্লাস প্রো সেনসিটিভে ২০টি কণা পাওয়া যায়।

সরকারের গঠনমূলক সমালোচনার

দুপুরে সচিবালয়ে মন্ত্রিপরিষদ বিভাগের প্রধানমন্ত্রীর কার্যালয়ে এ বৈঠক হয়। প্রধানমন্ত্রীর ডেপুটি প্রেস সেক্রেটারি সুজাউদ্দৌলা সুজন মাহমুদ এই বৈঠকের তথ্য জানিয়েছেন। বৈঠকে প্রধানমন্ত্রী সংবাদপত্রের সম্পাদকদের সরকারের গঠনমূলক সমালোচনার পাশাপাশি সরকারের ইতিবাচক কার্যক্রমও যথাযথভাবে তুলে ধরার আহ্বান জানান, যাতে সাধারণ মানুষ সরকারের বিভিন্ন উন্নয়ন ও জনকল্যাণমূলক উদ্যোগ সম্পর্কে জানতে পারে। এসময় তিনি স্বাধীন গণমাধ্যম ও সাংবাদিকদের জন্য প্রণয়নাধীন নীতিমালা চূড়ান্ত করতে সম্পাদকদের সহযোগিতা কামনা করেন। ন্যাশনাল এডিটরস কাউন্সিলের আহ্বায়ক ও দৈনিক যায়যায়দিন পত্রিকার সম্পাদক শফিক রেহমান এবং যুগ্ম আহ্বায়ক ও আমার দেশ পত্রিকার সম্পাদক মাহমুদুর রহমানের নেতৃত্বে আট সদস্যের প্রতিনিধিদলে আরও ছিলেন প্রতিদিনের বাংলাদেশ-এর সম্পাদক মারুফ কামাল খান সোহেল, নয়া দিগন্ত-এর সম্পাদক সালাহ উদ্দিন মুহাম্মদ বাবর, যুগান্তর-এর সম্পাদক আবদুল হাই শিকদার, জাতীয় প্রেসক্লাবের সভাপতি হাসান হাফিজ, ওয়াদা-এর সম্পাদক শফিকুল আলম এবং মানবকণ্ঠ-এর সম্পাদক শহিদুল ইসলাম।

জুলাই ছিলো আগুনমাখা

পরেছে। কিন্তু রাত গভীর হতেই সারাদেশ থেকে সমন্বয়কদের একে একে বার্তা আসতে থাকে যে যা কিছুই হয়ে যাক না কেনো আন্দোলন চলবেই। নিহতদের হত্যার বিচার ও আহতদের সবধরনের চিকিৎসাসেবার নিশ্চিত করতে হবে। দমননিপীড়নের মধ্যেও দেশের বিভিন্ন স্থানে শিক্ষার্থীরা দেয়াল লিখন ও অনলাইনে প্রতিবাদ চালিয়ে যাওয়ার ঘোষণা দেয়। সহিংসতার কারণে দীর্ঘ ১০ দিন বন্ধ থাকার পর এই দিনে মোবাইল ইন্টারনেট সেবা সীমিত আকারে চালু করা হয়, যদিও সামাজিক যোগাযোগমাধ্যমগুলোর ওপর কড়াকড়ি বহাল ছিল।

শাপলা বিলে ঘুরতে গিয়ে

এলাকায় এ দুর্ঘটনা ঘটে। নিহত পর্যটকের নাম রাকিবুল (২১)। তিনি পিরোজপুরের নেছারাবাদ উপজেলার মাদ্রা গ্রামের হালিম হোসেনের ছেলে। প্রত্যক্ষদর্শী রাছেল মিয়া বলেন, রাকিবুল পানিতে পড়ে যাওয়ার পর বিলে থাকা স্থানীয় নারীরা চিৎকার শুরু করেন। পরে আশপাশের লোকজন ঘটনাস্থলে এসে উদ্ধারকাজে অংশ নেন। উজিরপুর মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. রকিবুল ইসলাম বলেন, খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছিল। পুলিশ পৌঁছানোর আগেই নিহতের পরিবারের সদস্যরা মরদেহ নিয়ে চলে যান। উজিরপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. আলী সুজা বলেন, বিষয়টি তিনি শুনেছেন। খোঁজ নিয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

ভাঙ্গা-কুয়াকাটা ৬ লেন: দক্ষিণাঞ্চলের

যানজট, দুর্ঘটনা, পরিবহন ব্যয় এবং সময় অপচয় দক্ষিণাঞ্চলের অর্থনৈতিক অগ্রগতির পথে বড় বাধা হয়ে রয়েছে। এই বাস্তবতায় ভাঙ্গা-কুয়াকাটা মহাসড়ককে ছয় লেনে উন্নীত করা শুধু একটি অবকাঠামোগত উন্নয়ন নয়, বরং জাতীয় অর্থনীতি ও আঞ্চলিক ভারসাম্যপূর্ণ উন্নয়নের জন্য একটি কৌশলগত বিনিয়োগ। ভাঙ্গা থেকে কুয়াকাটা পর্যন্ত প্রায় ২০০ কিলোমিটারের এই মহাসড়ক দক্ষিণাঞ্চলের সবচেয়ে গুরুত্বপূর্ণ সড়ক করিডোর। ফরিদপুর, মাদারীপুর, বরিশাল, ঝালকাঠি, পটুয়াখালীসহ বিস্তীর্ণ অঞ্চলের প্রায় দুই কোটিরও বেশি মানুষের যোগাযোগের প্রধান মাধ্যম এটি। একই সঙ্গে কৃষি, মৎস্য, পর্যটন, শিল্প এবং সমুদ্রবন্দরভিত্তিক অর্থনীতির প্রাণরেখাও এই মহাসড়ক। পদ্মা সেতু চালুর ফলে ঢাকা থেকে বরিশাল ও কুয়াকাটার দূরত্ব ও যাত্রাসময় উল্লেখযোগ্যভাবে কমেছে। কিন্তু ভাঙ্গার পর দুই লেনের সরু সড়কে যানবাহনের চাপ বেড়ে যাওয়ায় প্রায়ই দীর্ঘ যানজট সৃষ্টি হয়। ঈদ, পূজা কিংবা পর্যটন মৌসুমে এই সংকট আরও প্রকট হয়ে ওঠে। চার বা ছয় লেনের পরিবর্তে দুই লেনের মহাসড়কে ভারী ট্রাক, বাস এবং ব্যক্তিগত যানবাহন একসঙ্গে চলাচল করায় দুর্ঘটনার ঝুঁকিও বেড়ে যায়। ফলে পদ্মা সেতুর যে অর্থনৈতিক সুফল প্রত্যাশিত ছিল, তার একটি বড় অংশ হারিয়ে যাচ্ছে। কুয়াকাটা বাংলাদেশের অন্যতম সম্ভাবনাময় সমুদ্রসৈকত এবং আন্তর্জাতিক পর্যটন গন্তব্য। প্রতিবছর প্রায় ১৫ থেকে ২০ লাখ পর্যটক সেখানে ভ্রমণ করেন বলে বিভিন্ন পর্যটন-সংশ্লিষ্ট সংস্থার ধারণা। কিন্তু দীর্ঘ যাত্রা, যানজট এবং অনিরাপদ সড়ক অনেক পর্যটককে নিরুৎসাহিত করে। ভাঙ্গা-কুয়াকাটা মহাসড়ক ছয় লেনে উন্নীত হলে যাত্রাসময় আরও কমবে, ভ্রমণ হবে নিরাপদ ও স্বাচ্ছন্দ্যময়। এতে পর্যটকের সংখ্যা কয়েক বছরের মধ্যেই উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পেতে পারে। এর ইতিবাচক প্রভাব পড়বে হোটেল, রিসোর্ট, রেস্তোরাঁ, পরিবহন, ক্ষুদ্র ব্যবসা ও স্থানীয় কর্মসংস্থানে। এই মহাসড়কের আরেকটি গুরুত্বপূর্ণ দিক হলো পায়রা সমুদ্রবন্দর। বাংলাদেশের তৃতীয় সমুদ্রবন্দর হিসেবে পায়রাকে ঘিরে সরকারের দীর্ঘমেয়াদি পরিকল্পনা রয়েছে। একটি আধুনিক সমুদ্রবন্দরের কার্যকারিতা অনেকাংশে নির্ভর করে দ্রুত ও নিরবচ্ছিন্ন সড়ক যোগাযোগের ওপর। ছয় লেনের মহাসড়ক নির্মিত হলে ঢাকা ও দেশের অন্যান্য শিল্পাঞ্চল থেকে পায়রা বন্দরে কনটেইনার ও পণ্য পরিবহন আরও দ্রুত ও কম খরচে সম্ভব হবে। এতে বন্দরটির প্রতিযোগিতামূলক সক্ষমতা বাড়বে এবং আন্তর্জাতিক বাণিজ্য সম্প্রসারণে নতুন সম্ভাবনা সৃষ্টি হবে। দক্ষিণাঞ্চল দেশের অন্যতম বৃহৎ কৃষি ও মৎস্য উৎপাদন এলাকা। বরিশাল বিভাগের ধান, সবজি, ফলমূল এবং বঙ্গোপসাগর ও নদীনির্ভর বিপুল পরিমাণ মাছ প্রতিদিন রাজধানীসহ দেশের বিভিন্ন অঞ্চলে সরবরাহ করা হয়। কিন্তু যানজট ও ধীরগতির কারণে কৃষিপণ্য ও মাছের একটি অংশ নষ্ট হয়, পরিবহন ব্যয় বেড়ে যায় এবং কৃষক ও জেলেরা ন্যায্যমূল্য থেকে বঞ্চিত হন। উন্নত ছয় লেনের মহাসড়ক এই সমস্যা অনেকাংশে দূর করবে। দ্রুত পরিবহন নিশ্চিত হলে কৃষিপণ্যের অপচয় কমবে, সরবরাহ ব্যবস্থা শক্তিশালী হবে এবং কৃষক ও জেলেদের আয় বৃদ্ধি পাবে। শিল্পায়নের ক্ষেত্রেও এই মহাসড়কের গুরুত্ব অপরিসীম। উন্নত সড়ক যোগাযোগ ছাড়া বড় শিল্প বিনিয়োগ আকর্ষণ করা সম্ভব নয়। ভাঙ্গা-কুয়াকাটা করিডোরকে ছয় লেনে উন্নীত করা হলে শিল্পপার্ক, লজিস্টিক হাব, কোল্ড স্টোরেজ, কৃষিভিত্তিক শিল্প এবং রপ্তানিমুখী বিভিন্ন শিল্প গড়ে ওঠার সুযোগ সৃষ্টি হবে। এতে দক্ষিণাঞ্চলে নতুন কর্মসংস্থান সৃষ্টি হবে এবং রাজধানীকেন্দ্রিক শিল্পায়নের চাপও কমবে। সড়ক নিরাপত্তার দিক থেকেও প্রকল্পটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। আন্তর্জাতিক গবেষণায় দেখা গেছে, বিভাজকযুক্ত বহুলেন মহাসড়কে মুখোমুখি সংঘর্ষের ঝুঁকি উল্লেখযোগ্যভাবে কমে। বর্তমানে ভাঙ্গা-কুয়াকাটা মহাসড়কে অধিকাংশ দুর্ঘটনা ঘটে বিপজ্জনক ওভারটেকিং এবং বিপরীতমুখী যানবাহনের সংঘর্ষে। ছয় লেনের আধুনিক মহাসড়ক এসব দুর্ঘটনা কমিয়ে নিরাপদ যাতায়াত নিশ্চিত করবে। জলবায়ু পরিবর্তনের প্রভাবে সবচেয়ে ঝুঁকিপূর্ণ অঞ্চলের একটি হলো দক্ষিণাঞ্চল। ঘূর্ণিঝড়, জলোচ্ছ্বাস কিংবা অন্যান্য প্রাকৃতিক দুর্যোগের সময় দ্রুত উদ্ধার কার্যক্রম পরিচালনা, ত্রাণ পরিবহন এবং মানুষকে নিরাপদ স্থানে সরিয়ে নিতে প্রশস্ত ও আধুনিক মহাসড়কের বিকল্প নেই। তাই এই সড়ক কেবল অর্থনৈতিক নয়, দুর্যোগ ব্যবস্থাপনার ক্ষেত্রেও জাতীয় নিরাপত্তার অংশ। বিশ্বব্যাংকসহ বিভিন্ন আন্তর্জাতিক গবেষণায় দেখা গেছে, উন্নত মহাসড়ক পরিবহন ব্যয় কমায়, বিনিয়োগ বাড়ায়, উৎপাদনশীলতা বৃদ্ধি করে এবং আঞ্চলিক বৈষম্য কমাতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। পদ্মা সেতুর পর দক্ষিণাঞ্চলকে দেশের অন্যতম প্রবৃদ্ধির কেন্দ্র হিসেবে গড়ে তুলতে হলে ভাঙ্গা-কুয়াকাটা মহাসড়ককে ছয় লেনে উন্নীত করার বিকল্প নেই। বাংলাদেশ এখন ব্লু ইকোনমি, সমুদ্রবন্দর, পর্যটন এবং আঞ্চলিক বাণিজ্য সম্প্রসারণের নতুন সম্ভাবনার দিকে এগিয়ে যাচ্ছে। এই প্রেক্ষাপটে ভাঙ্গা-কুয়াকাটা ছয় লেন মহাসড়ক হবে দক্ষিণাঞ্চলের অর্থনৈতিক মুক্তির মহাসড়ক। এটি শুধু একটি সড়ক নয় এটি হবে পায়রা বন্দরের প্রাণশক্তি, কুয়াকাটা পর্যটনের গতি, কৃষক ও জেলেদের সমৃদ্ধির পথ, নতুন শিল্পায়নের ভিত্তি এবং দক্ষিণাঞ্চলের কোটি মানুষের উন্নয়নের সেতুবন্ধন। সময়ের দাবি এখন একটাই ভাঙ্গা থেকে কুয়াকাটা পর্যন্ত জাতীয় মহাসড়ককে দ্রুত ছয় লেনে উন্নীত করে দক্ষিণাঞ্চলের উন্নয়নের নতুন অধ্যায় রচনা করা।

বৃষ্টির অজুহাতে বরিশালে

সবজির দাম নাগালের মধ্যে ছিল, এখন আবার সব ধরনের সবজির দাম বৃদ্ধি পেয়েছে। বাজার মনিটরিং না থাকার কারণে এমন দাম বৃদ্ধি পাচ্ছে। আরেক ক্রেতা ছাইদুর রহমান বলেন, ক'দিন আগেও কাঁচামরিচ ৫০ টাকার নিচে বিক্রি হয়েছে, এখন সেই মরিচ ২৫০ টাকা বিক্রি হচ্ছে। আস্তে আস্তে নিত্য প্রয়োজনীয় দ্রব্য সাধারণ মানুষের নাগালের বাইরে চলে যাচ্ছে। এদিকে ব্যবসায়ীদের দাবি, গত কয়েক দিনের বৃষ্টিতে কমেছে সবজির সরবরাহ। যার প্রভাব পড়েছে দামে। শুভ নামের এক ব্যবসায়ী বলেন, প্রাকৃতিক দুর্যোগে এখন অনেক জায়গায় পানি। যে কারণে সরবরাহ একটু কম হওয়ায় দাম বৃদ্ধি পেয়েছে। একই চিত্র নগরীর পোর্ট রোড পাইকারি মাছ বাজারেও। নদীর মাছের সরবরাহ না থাকায় চাহিদা ও দাম দুটোই বেড়েছে চাষের মাছের। সপ্তাহ ব্যবধানে আকার ও প্রকারভেদে কেজিতে বেড়েছে ২০-৫০ টাকা। তাই তো পছন্দের মাছ কিনতে না পারার আক্ষেপ ক্রেতাদের কণ্ঠে। শামিম নামে এক ক্রেতা বলেন, এক কেজি চিংড়ি মাছ ৫৫০ থেকে ৬০০ টাকায় কিনেছি। এখন সেই চিংড়ি মাছ ১০০০ থেকে ১২০০ টাকা বিক্রি হচ্ছে। একই ভাবে অন্যান্য মাছের দামও বেড়েছে। ফলে চাহিদা অনুযায়ী পছন্দের মাছ কিনতে না পেরে তেলাপিয়া মাছ কিনতে হয়েছে। আরেক ক্রেতা সোহেল বলেন, এখন সাধারণ মানুষের পক্ষে ভালো কোনো জাতের মাছ কেনা সম্ভব নয়। আর ইলিশতো এখন স্বপ্ন। আগে এক হাজার টাকা নিয়ে বাজারে এলে মাছ-সবজি দুটোই কেনা যেতো, এখন এক হাজার টাকায় এক ধরনের মাছই কিনতে পারা যায় না। তাই সাধ্যের মধ্যে দুই কেজি পাঙ্গাশ মাছ কিনেছি। এদিকে মৌসুম চললেও বাজারে নেই পর্যাপ্ত ইলিশ। যাও মিলছে দাম চড়া। আকারভেদে প্রতি কেজি বিক্রি হচ্ছে ১৪০০ থেকে ২৮০০ টাকায়। এমন অবস্থায় কমেছে বিক্রি। ব্যবসায়ীদের দাবি আগে দেড় থেকে ২ কোটি টাকার মাছ বিক্রি হলেও এখন তা নেমেছে লাখের কোটায়। তবে কিছুটা স্বস্তি রয়েছে মুরগির বাজারে। কিছু দিন ধরে প্রতি কেজি ব্রয়লার ১৬৫-১৬০ টাকা, লেয়ার ৩৬৫, আর সোনালি মুরগি বিক্রি হচ্ছে ২৯০ টাকায়। তবে অপরিবর্তিত রয়েছে গরু ও খাসির মাংসের দর।

বরিশালে ক্রমশ ভয়ঙ্কর

(২৬) নামের নারীর। তিনি ঝালকাঠি সদর উপজেলার পোনাবালী গ্রামের জাহাঙ্গীর হোসেনের স্ত্রী। ২৫ জুলাই বিকেলে তাকে শেবাচিম হাসপাতালে ভর্তি করা হয়েছিল। এর আগে ২৪ জুলাই মৃত্যু হয় ঝালকাঠির নলছিটি উপজেলার ভরূপপাশ গ্রামের মো. মিজানের স্ত্রী মুন্নি আক্তারের (৩৫)। স্বাস্থ্য বিভাগের পরিসংখ্যান বলছে, এ বছর ডেঙ্গুতে আক্রান্তের শীর্ষে রয়েছে পিরোজপুর এবং ঝালকাঠি জেলায়। এর মধ্যে পিরোজপুরে চলতি বছরে এখন পর্যন্ত ১০০৬ ও ঝালকাঠিতে ৯২২ জন আক্রান্ত হয়েছে। এখন পর্যন্ত যেই পাঁচজনের মৃত্যু হয়েছে তারা সবাই পিরোজপুর ও ঝালকাঠির বাসিন্দা ছিলেন। এর মধ্যে একজন পিরোজপুর এবং চারজনের মৃত্যু হয়েছে বরিশাল শেল-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে। এ ছাড়া বরিশাল জেলায় ৪৫৭ জন, পটুয়াখালী জেলায় ৪১০ জন, ভোলায় ১৩১ জন এবং বরগুনা জেলার হাসপাতালগুলোতে ৪০৬ জন আক্রান্ত রোগী চিকিৎসা গ্রহণ করেছেন। এর বাইরে বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে ১৪৫ এবং পটুয়াখালী মেডিকেল কলেজ হাসপাতালে ৯০ জন ডেঙ্গু রোগী চিকিৎসা নিয়েছেন। তবে স্বাস্থ্য বিভাগের তথ্য অনুযায়ী বরিশাল সিটিতে ডেঙ্গু আক্রান্তের হার এখনো শূন্যের কোটায়। বর্তমানে ২৪০ জন ডেঙ্গু আক্রান্ত রোগী চিকিৎসাধীন রয়েছেন বিভাগের সরকারি হাসপাতালগুলোতে। বাকি ৩৩২২ জন সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন। রোববার বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে খোঁজ নিয়ে দেখা যায়, চলতি বছরের গত ৬ মাসে এ হাসপাতালে এখন পর্যন্ত চিকিৎসা নিয়েছেন ১৪৫ জন ডেঙ্গু আক্রান্ত রোগী। আর চিকিৎসাধীন অবস্থায় মৃত্যু হয়েছে চার জনের। চিকিৎসাধীন রোগীদের মধ্যে বেশিরভাগ পিরোজপুর ও ঝালকাঠি জেলার বাসিন্দা। স্থানীয় স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসার জন্য গেলে তাদের এই হাসপাতালে পাঠান সেখানকার চিকিৎসক। চিকিৎসাধীন রোগী পিরোজপুরের নেছারাবাদের বাসিন্দা হালিমা খাতুন (৩৮) বলেন, মশার ওষুধ কী জিনিস, তা আমরা জানি না। বছর বছর ডেঙ্গু জ্বরে এত মানুষ আক্রান্ত হয়; কিন্তু আমাদের এলাকায় মশার ওষুধ দিতে দেখি না। অন্যদিকে ঝালকাঠি পৌর শহরের কাঠপট্টি এলাকা থেকে শেবাচিম হাসপাতালে মেয়ের চিকিৎসা করাতে আসা দেলোয়ার হোসেন বলেন, ডেঙ্গু রোগী বাড়ছে; কিন্তু এলাকায় ডেঙ্গু বিরোধে পৌরসভা বা স্বাস্থ্য বিভাগের কোনো প্রচার-প্রচারণা দেখছি না। বৃষ্টি হয়ে রাস্তাঘাটে ময়লা-আবর্জনায় পানি জমে থাকছে, তা অপসারণে পৌরসভার উদাসীনতা রয়েছে। পিরোজপুরের রেজাউল করীম বলেন, আমার জন্মের পর দু-একবার দেখেছি মশার ওষুধ দিতে। আমাদের এলাকায় কোনো পরিষ্কার বা মশার ওষুধ দেওয়া হয় না। আমি আক্রান্ত হয়েছি। আরও অনেকে আক্রান্ত হয়েছে। বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালের সহকারী পরিচালক ডা. আব্দুল মুনায়েম সাদ বলেন, এখন বর্ষাকাল হওয়ায় বৃষ্টি বেড়ে গেছে। এই সময়টায় প্রতি বছরই রোগীর সংখ্যা বাড়ে। মানুষের সচেতনতা আর ডেঙ্গু প্রতিরোধে কার্যকরী পদক্ষেপ না নিলে রোগী বাড়ার সম্ভাবনা থেকে যায়। এডিস মশার বংশবৃদ্ধি রোধ করতে সিটি করপোরেশন ও পৌরসভাগুলোকে কাজ করতে হবে। তিনি বলেন, আমাদের হাসপাতালে আগে ৪টি মেডিসিন ইউনিট ছিল; এখন সেটা বাড়িয়ে ছয়টি করা হয়েছে। আলাদাভাবে ওয়ার্ড করা সম্ভব না হলেও প্রতিটি ওয়ার্ডেই ডেঙ্গু কর্ণার করা হয়েছে। রোগীদের মশারি নিচে রাখার কথা বললেও অনেকে এটা নিয়ে সচেতন না। আমরা আমাদের সামর্থ্য অনুযায়ী সেবা দেওয়ার চেষ্টা করছি। অন্যদিকে স্বাস্থ্য অধিদপ্তরের বরিশাল বিভাগীয় কার্যালয়ের ভারপ্রাপ্ত পরিচালক ডা. লোকমান হাকিম বলেন, এখন বৃষ্টির সিজন অনেক, বৃষ্টিপাত হচ্ছে। এই বৃষ্টির জন্য বিভিন্ন জায়গায় পানি জমেছে। জমে থাকা পানিতেই এডিস মাশা ডিম পাড়ে এবং লার্ভার জন্ম নেয়। যার কারণে এখন ডেঙ্গু একটু বৃদ্ধি পেয়েছে।

হাতেম আলী কলেজের উপাধ্যক্ষ হিসেবে

তাঁর পদায়নের বিষয়ে আপত্তি জানানো হলে সেদিন তাঁর যোগদান সম্পন্ন হয়নি। পরদিন সকল প্রশাসনিক প্রক্রিয়া সম্পন্ন করে তিনি আনুষ্ঠানিকভাবে দায়িত্ব গ্রহণ করেন। অধ্যাপক মোসা. মেহবুবা আলমের জন্য সরকারি সৈয়দ হাতেম আলী কলেজ একেবারেই নতুন কর্মস্থল নয়। এর আগে তিনি টানা প্রায় সাত বছর এ কলেজে শিক্ষক হিসেবে কর্মরত ছিলেন। দীর্ঘ শিক্ষকতা জীবনে তিনি শিক্ষার্থীবান্ধব, দক্ষ ও দায়িত্বশীল শিক্ষক হিসেবে পরিচিতি লাভ করেন। একাডেমিক কার্যক্রমের পাশাপাশি বিভিন্ন প্রশাসনিক দায়িত্ব নিষ্ঠার সঙ্গে পালন করে শিক্ষক-শিক্ষার্থী সবার আস্থা অর্জন করেছিলেন। ফলে উপাধ্যক্ষ হিসেবে তাঁর পুনরাগমনে কলেজজুড়ে ইতিবাচক প্রত্যাশার সৃষ্টি হয়েছে। নবনিযুক্ত উপাধ্যক্ষকে কলেজের শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী, শিক্ষার্থী এবং শুভানুধ্যায়ীরা আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন। তাঁদের প্রত্যাশা, তাঁর অভিজ্ঞতা, প্রজ্ঞা ও প্রশাসনিক দক্ষতার মাধ্যমে কলেজের শিক্ষা কার্যক্রম, প্রশাসনিক শৃঙ্খলা, গবেষণা, সহশিক্ষা কার্যক্রম এবং শিক্ষার্থীদের কল্যাণমূলক উদ্যোগ আরও গতিশীল হবে। অধ্যাপক মোসা. মেহবুবা আলম দীর্ঘদিন ধরে দেশের উচ্চশিক্ষা অঙ্গনে সুনামের সঙ্গে দায়িত্ব পালন করে আসছেন। সর্বশেষ তিনি ফরিদপুর সরকারি রাজেন্দ্র কলেজে কর্মরত ছিলেন। তাঁর পেশাগত অভিজ্ঞতা, নেতৃত্বের গুণাবলি এবং শিক্ষা উন্নয়নে আন্তরিকতা সরকারি সৈয়দ হাতেম আলী কলেজকে নতুন উচ্চতায় পৌঁছে দিতে সহায়ক হবে বলে কলেজ-সংশ্লিষ্টরা আশাবাদ ব্যক্ত করেছেন। নবনিযুক্ত উপাধ্যক্ষ অধ্যাপক মোসা. মেহবুবা আলমের সুস্বাস্থ্য, সফলতা ও কর্মজীবনের উত্তরোত্তর সমৃদ্ধি কামনা করেছেন কলেজ পরিবারের সদস্যরা। একই সঙ্গে তাঁরা আশা প্রকাশ করেছেন, তাঁর নেতৃত্বে সরকারি সৈয়দ হাতেম আলী কলেজ শিক্ষা, গবেষণা, শৃঙ্খলা ও সেবার ক্ষেত্রে আরও সমৃদ্ধ ও এগিয়ে যাবে।

শেখ হাসিনা দেশে আসছেন এটি

আসনের সংসদ সদস্য ব্যারিস্টার আন্দালিব রহমান পার্থ। সোমবার (২৭ জুলাই) বিকেল সাড়ে ৩টার দিকে ভোলা সদর উপজেলার আলীনগর ইউনিয়নের মাদরাসা বাজারে সরকারের খাল খনন কর্মসূচি সরেজমিন পরিদর্শনে এসে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। পার্থ বলেন, জুলাইকে অস্বীকার করে দেশে আসা তো দূরের কথা রাজনীতিতে ফিরে আসাও আমার মনে হয় অনেক কঠিন হয়ে যাবে। জুলাই মাসে দাঁড়িয়ে বলছি, গত ২ বছর আগে আমরা রিমান্ডে ছিলাম। যে রক্ত, আত্মত্যাগ, এখনকার মানুষের যে মাইনসেট, জুলাইকে অস্বীকার করে রাজনীতির কথা চিন্তা করাও কঠিন। এসময় ভোলা সদর উপজেলার নির্বাহী কর্মকর্তা (ইউএনও) সজল কুমার দাস, ভোলা-১ পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী মো. জিয়া উদ্দিন আরিফ, ভোলা জেলা বিজেপি সভাপতি আমিনুল ইসলাম রতন, সাধারণ সম্পাদক মোতাছিন বিল্লাহ প্রমুখ উপস্থিত ছিলেন। এর আগে এই সংসদ সদস্য ভোলা সদর উপজেলার নদীভাঙন কবলিত সদর শিবপুর ইউনিয়নের ভোলারখাল এলাকা পরিদর্শন করেন। এবং আগামী একনেক সভায় ওই এলাকা ভাঙন রোধে সরকারি বরাদ্দ পাওয়ার আশাব্যক্ত করেন তিনি। এছাড়া খাল খনন কর্মসূচিতে কোনো অনিয়ম হলে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে বলেও জানান তিনি।

হাসিনা-আজিজ-বেনজীরসহ আসামির

আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর ঊর্ধ্বতন কর্মকর্তারাও রয়েছেন। সোমবার (২৭ জুলাই) বেলা পৌনে ১১টায় আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের রেজিস্ট্রারের কাছে এ মামলার আনুষ্ঠানিক অভিযোগ (ফরমাল চার্জ) দাখিল করে প্রসিকিউশন। ট্রাইব্যুনাল-২ এর চেয়ারম্যান বিচারপতি নজরুল ইসলাম চৌধুরীর নেতৃত্বাধীন তিন সদস্যের বিচারিক প্যানেলে এ বিষয়ে শুনানি হওয়ার কথা রয়েছে। অভিযোগ জমা দেওয়ার সময় উপস্থিত ছিলেন প্রসিকিউটর জহিরুল আমিন, মঈনুল করিম ও মার্জিনা রায়হান। শেখ হাসিনা ছাড়া অপর আসামিরা হলেন- তৎকালীন স্বরাষ্ট্রমন্ত্রী ড. মহিউদ্দিন খান আলমগীর, তৎকালীন স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী অ্যাডভোকেট শামসুল হক টুকু, তৎকালীন তথ্যমন্ত্রী জাসদ সভাপতি হাসানুল হক ইনু, আওয়ামী লীগের সভাপতিমণ্ডলীর সদস্য শেখ ফজলুল করিম সেলিম, তৎকালীন খাদ্যমন্ত্রী ড. আব্দুর রাজ্জাক, আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মাহবুবউল আলম হানিফ, তৎকালীন তথ্যমন্ত্রী ড. হাসান মাহমুদ, আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক আ ফ ম বাহাউদ্দিন নাছিম, সাবেক মন্ত্রী আব্দুল লতিফ সিদ্দিকী, সাবেক প্রতিমন্ত্রী অ্যাডভোকেট মৃণাল কান্তি দাস, আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক জাহাঙ্গীর কবির নানক, সাবেক মন্ত্রী ডা. দীপু মনি, সাবেক মন্ত্রী মোফাজ্জল হোসেন চৌধুরী মায়া, তৎকালীন যুবলীগ চেয়ারম্যান ওমর ফারুক চৌধুরী, সাবেক সংসদ সদস্য সালাউদ্দিন মাহমুদ, গণজাগরণ মঞ্চের আহ্বায়ক ও মুখপাত্র ডা. ইমরান এইচ সরকার, ঘাতক দালাল নির্মূল কমিটির সভাপতি শাহরিয়ার কবির, ৭১ টিভির ব্যবস্থাপনা পরিচালক মোজাম্মেল হক বাবু, সাংবাদিক ফারজানা রুপা, সাবেক আইজিপি হাসান মাহমুদ খন্দকার, সাবেক আইজিপি একেএম শহীদুল হক, সাবেক আইজিপি ড. মোহাম্মদ জাবেদ পাটোয়ারী, সাবেক আইজিপি বেনজীর আহমেদ, তৎকালীন র?্যাব মহাপরিচালক মো. মোখলেছুর রহমান, সাবেক সেনাপ্রধান জেনারেল আজিজ আহমেদ, মেজর জেনারেল (অব.) জিয়াউল আহসান, তৎকালীন র?্যাবের অতিরিক্ত মহাপরিচালক (অপস) লেফটেন্যান্ট জেনারেল মো. মজিবুর রহমান, সাবেক ডিআইজি আব্দুল জলিল মণ্ডল, সাবেক অতিরিক্ত আইজিপি শেখ মুহাম্মাদ মারুফ হাসান, সাবেক অতিরিক্ত আইজিপি (এসবি) মাহবুব হোসেন, সাবেক অতিরিক্ত আইজিপি (এসবি) মনিরুল ইসলাম, তৎকালীন ডিএমপির ডিসি (সদর দপ্তর ও প্রশাসন) মো. আনোয়ার হোসেন, তৎকালীন ডিএমপির ডিসি (ট্রাফিক-দক্ষিণ) আশরাফুজ্জামান, তৎকালীন ডিএমপির এডিসি (মতিঝিল জোন) এসএম মেহেদী হাসান, সাবেক ডিআইজি হারুন-অর-রশীদ, সাবেক ডিআইজি বিপ্লব কুমার সরকার, সাবেক ডিআইজি সুপার সৈয়দ নুরুল ইসলাম, তৎকালীন ডিএমপির এডিসি (মতিঝিল বিভাগ) মো. আসাদুজ্জামান, অবসরপ্রাপ্ত অতিরিক্ত পুলিশ সুপার এসএম শিবলী নোমান এবং তৎকালীন মতিঝিল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বিএম ফরমান আলী। প্রসিকিউশন জানায়, দীর্ঘ তদন্ত শেষে চিফ প্রসিকিউটর কার্যালয়ে প্রতিবেদন জমা দেন তদন্ত কর্মকর্তা। এরপর যাচাই-বাছাই শেষে ফরমাল চার্জ দাখিল করা হয়। উল্লেখ্য, ২০১৩ সালের ৫ মে হেফাজতের সমাবেশ ঘিরে ঢাকাসহ চারটি স্থানে ৫৮ জন নিহত হয়েছেন। এর মধ্যে ঢাকায় ৩২, নারায়ণগঞ্জে ২০, চট্টগ্রামে ৫ ও কুমিল্লায় একজন নিহতের পরিচয় শনাক্ত করেছে তদন্ত সংস্থা।

খাসজমি ব্যক্তিমালিকানায়

২০১৮-এর বিধি ৪ (৩) (ঘ) অনুযায়ী তাঁকে চাকরি থেকে বরখাস্ত করা হয়েছে। আদেশে উল্লেখ করা হয়, ২০২৪ সালে দায়ের হওয়া বিভাগীয় মামলার তদন্তে শঙ্কর চন্দ্র মালাকারের বিরুদ্ধে আনা একাধিক অভিযোগের সত্যতা পাওয়া গেছে। তদন্তে দেখা যায়, তিনি হিজলা উপজেলার বিভিন্ন মৌজার ১ নম্বর খাস খতিয়ানের সরকারি জমি বিভিন্ন ব্যক্তির নামে অবৈধভাবে খাজনা আদায় করে হোল্ডিং খুলে দিয়ে সরকারের স্বার্থ ক্ষুণ্ন করেছেন এবং ব্যক্তিগত সুবিধা নিয়েছেন। তদন্ত প্রতিবেদনে আরও বলা হয়, ১৯৮০ সালে সহকারী কমিশনার (ভূমি) পদ সৃষ্টি হওয়ার আগের পদবি ব্যবহার করে তিনি প্রায় ২৫৮ একর ২৬ শতাংশ সরকারি খাসজমি ব্যক্তিমালিকানায় ছেড়ে দেন। এ ছাড়া ঊর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমোদন ছাড়াই আরও ২২২ একর খাসজমি ব্যক্তিমালিকানায় অবমুক্ত করার অভিযোগও তদন্তে প্রমাণিত হয়েছে। এ ছাড়া রামানন্দী মৌজার একটি নামজারি মামলায় ভিন্ন তারিখ ব্যবহার এবং দ্বৈত খতিয়ান সৃষ্টির অভিযোগেরও সত্যতা পাওয়া গেছে বলে প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে। অভিযোগে বলা হয়, শঙ্কর চন্দ্র মালাকারের অনুমোদিত ১০৫টি দাখিলার মধ্যে ৮৭ টির মাধ্যমে সরকারের প্রায় দুই হাজার একর খাসজমি ব্যক্তিমালিকানায় অবমুক্ত করা হয়েছে। এতে রাষ্ট্রের ব্যাপক ক্ষতি হয়েছে বলে তদন্তে সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে। বিভাগীয় কমিশনারের কার্যালয় মনে করেছে, এ ধরনের কর্মকর্তাকে রাজস্ব প্রশাসনে বহাল রাখা জনস্বার্থ ও সরকারি স্বার্থের পরিপন্থী। তাই তাঁকে চাকরি থেকে বরখাস্তের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। একই সঙ্গে বেহাত হওয়া সরকারি খাসজমি দ্রুত সরকারের নিয়ন্ত্রণে ফিরিয়ে আনতে হিজলা উপজেলার সহকারী কমিশনারকে (ভূমি) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেওয়া হয়েছে। এ বিষয়ে সহকারী কমিশনার (ভূমি) অভ্র জ্যোতি বড়াল জানান, সাময়িক বরখাস্ত ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা শঙ্কর চন্দ্র মালাকারকে চূড়ান্ত বরখাস্ত করা হয়েছে। উপজেলা ভূমি অফিসে আদেশ পৌঁছার পরে বিষয়টি নিশ্চিত হওয়া গেছে। ওই আদেশের আগেই প্রায় সব খাসজমি উদ্ধার করা হয়েছে। এর পরেও খাসজমি ব্যক্তিমালিকানায় আছে কি না তা তদন্তের জন্য সার্ভেয়ারকে নির্দেশনা দেওয়া হয়েছে। পাওয়া গেলে দ্রুত উদ্ধার করা হবে।

পরীক্ষায় ফলাফল খারাপ

বাসায় বসবাস করতেন। স্থানীয় সূত্রে জানা গেছে, পরীক্ষায় ফলাফল দিলে ওই ছাত্রী দেখেন কাঙ্ক্ষিত নম্বর না পায়নি। এরপর স্কুল থেকে বাসায় ফিরে বাবা-মায়ের বকাঝকার ভয়ে ফ্যানের সঙ্গে গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করেন। এদিকে তার বাবা-মা দুজনেই বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকতা করায় তারা বাসায় ছিলেন না। পরে সন্ধ্যায় বাসায় ফিরে ঝুলন্ত অবস্থায় দেখেতে মেয়েকে। ভোলা সদর মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মুহাম্মদ মনিরুল ইসলাম জানান, খবর পেয়ে নিহতের মরদেহ উদ্ধার করে ভোলা সদর হাসপাতালে পাঠানো হয়। পরিবারের সিদ্ধান্তে পরবর্তী আইনী ব্যবস্থা নেওয়া হবে। তবে পরিবারের সদস্যদের সঙ্গে কথা বলে প্রাথমিকভাবে জানা গেছে, পরীক্ষায় রেজাল্ট খারাপ হওয়ায় বাবা-মায়ের ভয়ে সে আত্মহত্যা করেছে। বিষয়টি নিয়ে তদন্ত চলছে।

‘এইচআইভি ভাইরাসের চেয়েও

‘হেপাটাইটিস প্রতিরোধে প্রয়োজন নাগরিক সচেতনতা’ শীর্ষক এক গোলটেবিল বৈঠকে বিশ্ব স্বাস্থ্য সংস্থার (ডব্লিউএইচও) বরাত দিয়ে বক্তারা এসব কথা বলেন। হেলথকেয়ার ফার্মাসিউটিক্যালস লিমিটেডের সহযোগিতায় এই গোলটেবিল বৈঠকের আয়োজন করে দৈনিক খোলা কাগজ। এতে স্বাগত বক্তব্য রাখার পাশাপাশ সভাপতিত্ব করেন খোলা কাগজ পত্রিকার সম্পাদক মো. আহসান হাবীব। বৈঠকে প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন জনস্বাস্থ্য বিশেষজ্ঞ ও হেলথ অ্যান্ড হোপ হাসপাতালের চেয়ারম্যান ডা. লেলিন চৌধুরী। এতে অন্যান্য আলোচক হিসেবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় পুলিশ সুপার হসপিটালের সুপারিনটেনডেন্ট ডা. এবিএম খোরশেদ আলম ভূঞা, টিবি হাসপাতালের সহকারী পরিচালক হলেন ডা. আয়েশা আক্তার, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নৃবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. এ কে এম মাজহারুল ইসলাম, নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের পাবলিক হেলথ বিভাগের অধ্যাপক ডা. দীপক কুমার মিত্র এবং ঢাকা রিপোর্টার্স ইউনিটির (ডিআরইউ) সাধারণ সম্পাদক মাইনুল হাসান সোহেল। জনস্বাস্থ্য বিশেষজ্ঞ ডা. লেলিন চৌধুরী বলেন, হেপাটাইটিস মূলত পাঁচ ধরনের ভাইরাস (এ, বি, সি, ডি ও ই) দিয়ে হয়। এর মধ্যে ‘এ’ ও ‘ই’ ছড়ায় দূষিত পানি ও খাবারের মাধ্যমে, যেখানে ‘ই’ ভাইরাস গর্ভবতী নারীদের জন্য প্রাণঘাতী হতে পারে। অন্যদিকে ‘বি’, ‘সি’ ও ‘ডি’ রক্ত এবং দেহরসের মাধ্যমে সংক্রমিত হয়। বিশেষ করে ‘বি’ ভাইরাস শরীরের বাইরেও সাত দিন পর্যন্ত বেঁচে থাকতে পারে। অসচেতনতার কারণে সেলুনে একই ব্লেড ব্যবহার, অনিবন্ধিত দন্তচিকিৎসকদের জীবাণুযুক্ত যন্ত্রপাতি এবং ফার্মেসিতে ব্যবহৃত সিরিঞ্জ পুনরায় ব্যবহারের ফলে এই ভাইরাস মারাত্মকভাবে ছড়িয়ে পড়ছে। তিনি বলেন, বাংলাদেশে বর্তমানে প্রায় ১ কোটি মানুষ হেপাটাইটিস বি ভাইরাসে আক্রান্ত। গত দুই বছরে টিকা কার্যক্রম ব্যাহত হওয়ায় প্রায় ৫০ লাখ শিশু বি ভাইরাসের টিকা থেকে বঞ্চিত হয়েছে। যা ভবিষ্যতে বড় স্বাস্থ্যঝুঁকি তৈরি করতে পারে। অন্তবর্তীকালীন সরকারের সময়ে প্রায় দুই বছর টিকাদান বন্ধ রাখার পেছনে যারা জড়িত ছিলেন, তাদেরকে শাস্তির আওতায় আনা উচিত। তারা এই ভাইরাসের ঝুঁকি অনেক বাড়িয়ে দিয়েছেন। এই বিশেষজ্ঞ আরও বলেন, এবারে স্বাস্থ্য খাতে বিগত ১৫ বছরের মধ্যে সবচেয়ে বেশি বরাদ্দ দেওয়া হয়েছে। এই বরাদ্দের অর্থ দিয়ে উপজেলায় ব্যয়বহুল ‘ক্যাথে ল্যাব’ বা ভবন নির্মাণের চেয়ে রোগ প্রতিরোধে বেশি গুরুত্ব দেওয়া জরুরি। প্রতিটি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে বিনামূল্যে পরীক্ষার ব্যবস্থা এবং ১ কোটি মানুষকে গণটিকাদানের আওতায় আনলে এক বছরেই এই সমস্যার সমাধান সম্ভব। তা ছাড়া, বিগত সরকারের সময়ে যেসব এমপি-মন্ত্রীরা দুর্নীতির মাধ্যমে অঢেল সম্পদ গড়েছেন, তাদের সেই সম্পদ বাজেয়াপ্ত করেও এই অর্থের জোগান দেওয়া যেতে পারে। এজন্য ৫০০ থেকে ৬০০ কোটি টাকার মতো খরচ হতে পারে। অন্যান্য বক্তার বলেন, হেপাটাইটিস বি ভাইরাস রক্তদান, মুখের লালা, ইনজেকশন সিরিঞ্জ বা সুচ, মাদক, অনিয়ন্ত্রিত যৌন মিলন, গর্ভবতী মায়ের থেকে সন্তানের মাঝে এবং শুক্রাণু বা ডিম্বাণুর মাধ্যমে সবচেয়ে বেশি ছড়ায়। এই ভাইরাস থেকে বাঁচতে টিক নেওয়া একমাত্র সুরক্ষার উপায়। এই ভাইরাসের ফলে মানুষের প্রজনন ক্ষমতা কমে যায়। বর্তমানে পৃথিবীর অনেক দেশে তরুণ-তরুণীরা বিয়ে করতে চান না। জাপানে ৩০ শতাংশের বেশি ছেলে-মেয়ে বিয়ে করতে অনাগ্রহী। এর কারণ হলো, তাদের চাহিদা কমে যাচ্ছে। গবেষণায় উঠে এসেছ, হেপাটাইটিস বি এজন্য অনেকটা দায়ী।

চিকিৎসককে বাবায় ‘ভাই’ ডাকায়

উপজেলার সাতুরিয়া ইউনিয়নের বোর্ড অফিস এলাকার বাসিন্দা তানভীর হাসান তার দুই বছর বয়সী ছেলে রুজায়াইনকে নিয়ে রাজাপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরি বিভাগে যান। পরিবারের দাবি, শিশুটিকে একটি বিড়াল আঁচড় দিলে প্রয়োজনীয় চিকিৎসার জন্য হাসপাতালে নেওয়া হয়। তানভীর হাসানের অভিযোগ, জরুরি বিভাগের কর্তব্যরত চিকিৎসক ডা. মো. আরিফুল ইসলামকে সালাম দিয়ে ‘ভাই’ সম্বোধন করে শিশুর বিষয়ে জানান তিনি। চিকিৎসক তখন হাসপাতালে বিড়ালের আঁচড় বা কামড়ের প্রয়োজনীয় টিকা না থাকায় বিকেলে আসতে বলেন। পরে যোগাযোগের সুবিধার্থে চিকিৎসকের মোবাইল নম্বর চাইলে তিনি ক্ষুব্ধ হয়ে ওঠেন। এ সময় চিকিৎসক বলেন, ‘আপনি একজন বিসিএস ক্যাডারকে ভাই বলে ডাকেন, আবার তার ফোন নম্বর চান ’ এমন মন্তব্য করে রোগীর স্বজনের সঙ্গে বাকবিতণ্ডায় জড়িয়ে পড়েন এবং একপর্যায়ে তাদের চলে যেতে বলেন। এ বিষয়ে তানভীর হাসান বলেন, আমি আমার অসুস্থ শিশুকে নিয়ে হাসপাতালে গিয়েছিলাম চিকিৎসার আশায়। চিকিৎসককে সম্মান জানিয়েই কথা বলেছি। কিন্তু ‘ভাই’ বলায় তিনি বিরক্ত হন। পরে নম্বর চাইতেই ক্ষিপ্ত হয়ে আমার সঙ্গে তর্কে জড়িয়ে পড়েন এবং চিকিৎসা না দিয়ে চলে যেতে বলেন। অভিযোগের বিষয়ে বক্তব্য জানতে রাজাপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসক ডা. মো. আরিফুল ইসলামের মুঠোফোনে একাধিকবার যোগাযোগের চেষ্টা করা হলেও তিনি ফোন রিসিভ করেননি। পরে হোয়াটসঅ্যাপে বার্তা পাঠানো হলেও প্রতিবেদন লেখা পর্যন্ত কোনো জবাব পাওয়া যায়নি। রাজাপুর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (ইউএইচএফপিও) ডা. আবুল খায়ের মাহমুদ বলেন, ডা. আরিফুল ইসলাম দায়িত্বশীল ও কর্মঠ একজন চিকিৎসক। ঘটনাটি মূলত ভুল বোঝাবুঝির কারণে ঘটেছে। রোগী যোগাযোগের জন্য নম্বর চাইলে হাসপাতালের অফিসিয়াল নম্বর দেওয়া যেতে পারত। ভিডিওতেও ‘ভাই’ বলে সম্বোধন করতে নিষেধ করার বিষয়টি স্পষ্টভাবে শোনা যায় না। আমার মতে, উভয় পক্ষের মধ্যে ভুল বোঝাবুঝির কারণেই পরিস্থিতির সৃষ্টি হয়েছে।

বকেয়ার দাবিতে অলিম্পিক

সহ-সভাপতি আবু বকর সিদ্দিক লিটন। সমাবেশে নেতারা বলেন, কারখানা কর্তৃপক্ষ কোনো পূর্বনোটিশ না দিয়ে গত ১১ জুন আকস্মিকভাবে অলিম্পিক ফাইবার এবং ১৩ জুন অলিম্পিক সিমেন্ট কারখানা স্থায়ীভাবে বন্ধ ঘোষণা করে। নেতৃবৃন্দের ভাষ্য, বন্ধের ঘোষণার আগে কারখানার সক্রিয় সিবিএ নেতাদের সঙ্গে কোনো আলোচনা করা হয়নি। কারখানা বন্ধের ঘোষণাপত্রে শ্রমিকদের বকেয়া পাওনাদি পরিশোধের নির্দিষ্ট তারিখও উল্লেখ করা হয়নি। এ কারণে শ্রমিকরা ১১ জুন থেকে আইনানুগ প্রাপ্য পরিশোধের দাবিতে অবস্থান কর্মসূচি শুরু করেন এবং ৪৭ দিন ধরে শান্তিপূর্ণভাবে লাগাতার অবস্থান চালিয়ে যাচ্ছেন। বক্তারা বলেন, মালিকপক্ষ এই ৪৭ দিনে তিন দফা ত্রিপক্ষীয় বৈঠকের পরও শুধু বকেয়া বেতনের একাংশ পরিশোধ করেছে। তবে শ্রমিকদের ওভারটাইম, বিভিন্ন ভাতা, চার মাসের নোটিশ পে, সার্ভিস বেনিফিট ও ছুটির পাওনাসহ সমুদয় হিসাব পরিশোধের বিষয়ে কিছু জানানো হয়নি। নেতৃবৃন্দ অলিম্পিক সিমেন্টের ৪১৯ শ্রমিকের ন্যায্য পাওনা অতিদ্রুত বুঝিয়ে দেওয়ার ব্যবস্থা নিতে আহ্বান জানান। একই সঙ্গে প্রয়োজনে মালিকের সম্পদ জব্দ করে বকেয়া বেতনসহ পাওনাদি পরিশোধে ব্যবস্থা নিতে জেলা প্রশাসকের প্রতি দাবি জানান।

বঙ্গোপসাগরে গভীর নিম্নচাপ, দেশজুড়ে

এ দিনও দিন ও রাতের তাপমাত্রা সামান্য কমতে পারে। আগামী বুধবার (২৯ জুলাই) সকাল ৯টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় রংপুর, রাজশাহী, ঢাকা, ময়মনসিংহ, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট এই আট বিভাগের অধিকাংশ জায়গায় দমকা হাওয়াসহ বৃষ্টি বা বজ্রবৃষ্টি এবং ভারী বর্ষণের সম্ভাবনা রয়েছে। তবে এ সময়ে সারাদেশে দিন ও রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে। আগামী বৃহস্পতিবার (৩০ জুলাই) সকাল ৯টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় দেশের আটটি বিভাগের অনেক জায়গায় হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি ও কোথাও কোথাও ভারী বর্ষণ হতে পারে। এই দিনে সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা সামান্য বাড়তে পারে বলে জানিয়েছে আবহাওয়া অফিস। আগামী শুক্রবার (৩১ জুলাই) সকাল ৯টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় রংপুর, ময়মনসিংহ, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অধিকাংশ জায়গায় এবং রাজশাহী, ঢাকা, খুলনা ও বরিশাল বিভাগের অনেক জায়গায় বজ্রসহ বৃষ্টি ও ভারী বর্ষণ হতে পারে। এসময় সারাদেশে দিন ও রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকার সম্ভাবনা রয়েছে বলে জানিয়েছে সংস্থাটি।

যুদ্ধ কখন শেষ হবে তা যুক্তরাষ্ট্র নয়

ততদিন আত্মরক্ষা অব্যাহত রাখবে ইরান। সোমবার (২৭ জুলাই) তেহরানে সাপ্তাহিক সংবাদ সম্মেলনে তিনি এ মন্তব্য করেন। খবর আল জাজিরার। সংবাদ সম্মেলনে পাকিস্তান ও কাতারের মধ্যস্থতায় যুক্তরাষ্ট্রের সঙ্গে সম্ভাব্য যুদ্ধবিরতি ও আলোচনার পরিকল্পনা সম্পর্কে প্রশ্ন করা হলে বাঘায়ি বলেন, তারা কীভাবে যুদ্ধ পরিচালনা করবে, আমি জানি না। যে যুদ্ধের লক্ষ্য ছিল ইরানকে আত্মসমর্পণে বাধ্য করা, সেই যুদ্ধে পাঁচ মাস পরও তারা নিজেরাই গভীর সংকটে আটকে আছে। তিনি বলেন, জায়নিস্ট শাসনব্যবস্থাকে সঙ্গে নিয়ে যে পরিস্থিতি তারা নিজেরাই সৃষ্টি করেছে, এখন সেই সংকট থেকেই বের হতে পারছে না। বাঘায়ি জোর দিয়ে বলেন, ইরানের কাছে সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হলো দেশের জাতীয় স্বার্থ। একটি দেশের বিষয়ে সিদ্ধান্ত নেওয়া বহু অজানা সমীকরণ নয়। আমাদের জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ হলো নিরাপত্তা ও জাতীয় স্বার্থ, আর এ-সংক্রান্ত সিদ্ধান্ত নির্ধারিত প্রক্রিয়ার মাধ্যমেই নেওয়া হয়। তিনি আরও বলেন, যুদ্ধ ও শান্তির সময় নির্ধারণের ক্ষমতা আমরা যুক্তরাষ্ট্রকে দেব না। যতদিন প্রয়োজন, ততদিন আমরা আত্মরক্ষা চালিয়ে যাব। উল্লেখ্য, যুক্তরাষ্ট্র ও ইসরায়েল ২৮ ফেব্রুয়ারি ইরানের বিরুদ্ধে অবৈধ আগ্রাসন শুরু করে। তবে ৪০ দিন পর, অর্থাৎ ৮ এপ্রিল, ইরানের প্রতিরোধ ও পাল্টা অভিযানের মুখে তারা যুদ্ধবিরতি মেনে নিতে বাধ্য হয়। এরপর ১৭ জুন পাকিস্তানের মধ্যস্থতায় তেহরান ও ওয়াশিংটন শত্রুতা বন্ধ এবং পরবর্তী আলোচনার প্রস্তুতির লক্ষ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষর করে। তবে ইরানে আবারও হামলা চালিয়ে যুক্তরাষ্ট্র ওই সমঝোতার সব শর্ত লঙ্ঘন করে। এর পরিপ্রেক্ষিতে ইরানও মধ্যপ্রাচ্যে অবস্থিত মার্কিন সামরিক ঘাঁটি ও সরঞ্জাম লক্ষ্য করে কঠোর পাল্টা হামলা চালায়।

যুক্তরাষ্ট্র-ইরান উত্তেজনা থামায়

সোমবার তেলের বাজারে এ পতন দেখা যায়। খবর রয়টার্সের। লেনদেনের শুরুতে ব্রেন্ট ক্রুডের দাম ব্যারেলপ্রতি ৩ দশমিক ৯৬ ডলার বা ৪ দশমিক ১ শতাংশ কমে ৯২ দশমিক ৮২ ডলারে নেমে আসে। একপর্যায়ে এর দাম ৯০ ডলারের নিচেও নেমে যায়। অন্যদিকে, যুক্তরাষ্ট্রের ওয়েস্ট টেক্সাস ইন্টারমিডিয়েট (ডব্লিউটিআই) অপরিশোধিত তেলের দাম ব্যারেলপ্রতি ৪ দশমিক ২ ডলার বা ৪ দশমিক ৫ শতাংশ কমে ৮৫ দশমিক ২৯ ডলারে দাঁড়ায়। গত দুই সপ্তাহ ধরে চলা হামলার পর সপ্তাহান্তে যুক্তরাষ্ট্র ও ইরান নতুন করে কোনো হামলা চালায়নি। এতে দুই দেশের মধ্যে উত্তেজনা কমতে পারে এবং হরমুজ প্রণালিতে তেলবাহী জাহাজ চলাচল ধীরে ধীরে স্বাভাবিক হতে পারে বলে বাজারে আশাবাদ তৈরি হয়েছে। জাতিসংঘে নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত মাইক ওয়াল্টজ জানিয়েছেন, কূটনৈতিক আলোচনার জন্য সময় দিতে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ইরানের ওপর হামলা সাময়িকভাবে স্থগিত রেখেছেন। বাজার বিশ্লেষকদের মতে, সামরিক সংঘাত না বাড়ার কারণে বিনিয়োগকারীরা কিছুটা স্বস্তি পেয়েছেন। তবে হরমুজ প্রণালিতে এখনো জাহাজ চলাচল স্বাভাবিক হয়নি। তথ্য বিশ্লেষক প্রতিষ্ঠান ক্লেপলারের হিসাবে, সপ্তাহান্তে প্রতিদিন ১০টিরও কম পণ্যবাহী জাহাজ প্রণালিটি অতিক্রম করেছে। এদিকে লোহিত সাগরে ইয়েমেনের হুথি বাহিনীর হামলা এবং রাশিয়া-ইউক্রেন যুদ্ধের কারণে জ্বালানি সরবরাহে ঝুঁকি এখনো রয়ে গেছে।

জিয়ানগরে দুই ব্যবসায়ীকে

জরিমানা করা হয়। এছাড়া, দোকানের মালামাল সড়কের ওপর রেখে জনসাধারণের চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টি করায় অপর এক ব্যবসায়ীকে ৫০০ টাকা জরিমানা করা হয়। অভিযান চলাকালে উপজেলা সহকারী কমিশনার (ভূমি) কার্যালয়ের পেশকার মো. জাহিদুল ইসলামসহ আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যরা উপস্থিত ছিলেন। উপজেলা প্রশাসন জানিয়েছে, জনস্বার্থে এ ধরনের মোবাইল কোর্ট ও তদারকি কার্যক্রম ভবিষ্যতেও অব্যাহত থাকবে।

ঢালাইয়ের কয়েক ঘণ্টার মধ্যেই

জুনের মধ্যে কাজ শেষ হওয়ার কথা থাকলেও নির্ধারিত সময়ে তা শেষ হয়নি। পরে রাজনৈতিক পটপরিবর্তনের পর আগের ঠিকাদারী প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করে গৌরনদীর ঠিকাদার আবুল খায়ের কাজটি শুরু করেন। চলতি বছরের জুনে সেতুর নির্মাণকাজ শেষ করে হস্তান্তরের কথা থাকলেও সেটিও সম্ভব হয়নি। পরে চলতি মাসে আবার কাজ শুরু করে সেতুর দুই পাশের স্লাব ঢালাইয়ের পর মাঝের স্লাব ঢালাই করা হয়। অভিযোগ রয়েছে, এ কাজের আগে সংশ্লিষ্ট কর্মকর্তাদের উপস্থিতি নিশ্চিত করা হয়নি। গত বুধবার (২২ জুলাই) সকালে প্রায় ৩৯ লাখ টাকা ব্যয়ে নির্মাণাধীন গার্ডার সেতুটির মাঝের স্লাবে ঢালাই দেওয়া হয়। তবে কয়েক ঘণ্টার মধ্যেই সেটি ভেঙে খালের মধ্যে পড়ে যায়। গৌরনদী উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (পিআইও) খোকন চন্দ্র বলেন, নিয়ম অনুযায়ী ঢালাইয়ের আগে তাকে জানিয়ে তার উপস্থিতিতে কাজ করার কথা ছিল। কিন্তু তাকে না জানিয়েই ঠিকাদার কাজ করেন। তার মতে, অনিয়মের উদ্দেশ্যেই এভাবে কাজ করা হয়েছে। বিষয়টি ইতোমধ্যে ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানোর পর রবিবার (২৬ জুলাই) উল্লেখিত দুইটি তদন্তকারী দল ঘটনাস্থল পরিদর্শন করেন। অপরদিকে ঠিকাদার আবুল খায়ের দাবি করেন, ঢালাইয়ের আগে সংশ্লিষ্ট কর্মকর্তাদের জানানো হয়েছিল কিন্তু তারা ঘটনাস্থলে আসেননি। দুর্যোগ ও ত্রাণ মন্ত্রণালয়ের সেতু বিভাগের সহকারী প্রকৌশলী মো. জাকির হোসেন বলেন, ঘটনাস্থল পরিদর্শন করে প্রাথমিকভাবে ঠিকাদারের গাফিলতির বিষয়টি সামনে এসেছে। একই ধরনের মন্তব্য করে বরিশাল জেলা প্রকল্প কর্মকর্তা রনজিৎ কুমার সরকার বলেন, স্থানীয় কর্মকর্তাদের তথ্য অনুযায়ী ঠিকাদারের অনিয়ম ও অবহেলার কারণেই এ ঘটনা ঘটেছে এবং এর দায়ভার ঠিকাদারকেই নিতে হবে।

প্রথম শ্রেণির শিক্ষার্থীকে

ব্যর্থ হয়। পরে তিনি স্বজনদের পরামর্শে থানায় মামলা দায়ের করেন। কলাপাড়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) তদন্ত ইলিয়াস তালুকদার বলেন, ‘অভিযুক্তকে গ্রেফতারের চেষ্টা চলছে। ওই শিশুকে মেডিকেল রিপোর্টের জন্য পটুয়াখালী পাঠানো হয়েছে।’

সৈকতের বালু তুলে মেরিন ড্রাইভ

সাদেকের নেতৃত্বে এ অভিযান পরিচালনা করা হয়। স্থানীয় সূত্রে জানা গেছে, কুয়াকাটা জিরো পয়েন্ট থেকে লেম্বুরবন পর্যন্ত নির্মাণাধীন মেরিন ড্রাইভ সড়কের কাজে ব্যবহারের জন্য খাজুরা গ্রামের জোমাদ্দার বাড়ি সংলগ্ন ১৮ ঘর পয়েন্ট এলাকায় সমুদ্রসৈকত থেকে অবৈধভাবে বালু উত্তোলনের প্রস্তুতি চলছিল। বিষয়টি জানতে পেরে স্থানীয়রা বাধা দিলেও তা উপেক্ষা করে বালু উত্তোলনের চেষ্টা করা হয় বলে অভিযোগ রয়েছে। স্থানীয়দের দাবি, যে স্থান থেকে বালু উত্তোলনের প্রস্তুতি নেওয়া হচ্ছিল, সেই অংশে শহর রক্ষা বাঁধের সিসি ব্লকের বেশ কয়েকটি অংশ আগেই সরে গেছে। সেখানে আবার বালু উত্তোলন করা হলে বাঁধের নিচের ভিত্তি আরও দুর্বল হয়ে পড়বে এবং উপকূল রক্ষার এই গুরুত্বপূর্ণ স্থাপনাটি শতভাগ ঝুঁকির মুখে পড়বে। এতে জলোচ্ছ্বাস ও প্রাকৃতিক দুর্যোগের সময় কুয়াকাটা শহরের নিরাপত্তা হুমকির মুখে পড়তে পারে বলে আশঙ্কা প্রকাশ করেছেন স্থানীয়রা। অভিযানের সময় বালু উত্তোলনের সঙ্গে জড়িত কোনো শ্রমিক বা সংশ্লিষ্ট ব্যক্তিকে ঘটনাস্থলে পাওয়া যায়নি। তবে ঘটনাস্থলে থাকা অবৈধ বালু উত্তোলনের কাজে ব্যবহৃত সরঞ্জাম জব্দ করে বিনষ্ট করা হয়, যাতে পুনরায় এ ধরনের কার্যক্রম পরিচালনা করা না যায়। নাম প্রকাশে অনিচ্ছুক এক স্থানীয় বাসিন্দা জানান, আমরা কাজের সঙ্গে জড়িত লোকজনকে সমুদ্র থেকে বালু উত্তোলন না করার জন্য নিষেধ করেছিলাম। তখন তারা আমাদের বলেন, ‘প্রশাসন এবং সাংবাদিকদের ম্যানেজ করেই কাজ করছি, আপনারা কিছুই করতে পারবেন না।’ এমন বক্তব্যে আমরা বিস্মিত ও ক্ষুব্ধ হয়েছি। স্থানীয় বাসিন্দাদের দাবি, মেরিন ড্রাইভ সড়কের নির্মাণকাজ দ্রুত শেষ করা হোক। তবে কোনোভাবেই সমুদ্রসৈকত ধ্বংস করে বা অবৈধভাবে বালি উত্তোলনের মাধ্যমে নয়। কারণ এই সড়ক দিয়ে প্রতিদিন অসংখ্য পর্যটক ও স্থানীয় মানুষ চলাচল করেন। উন্নয়নের নামে পরিবেশ ও উপকূলীয় নিরাপত্তা ঝুঁকিতে ফেলা কোনোভাবেই গ্রহণযোগ্য নয়। উপকূল পরিবেশ রক্ষা আন্দোলন (উপরা)-এর সদস্য সচিব আসাদুজ্জামান মিরাজ বলেন, উপকূল রক্ষায় নির্মিত তীররক্ষা বাঁধের পাশ থেকে বালু উত্তোলন চলতে থাকলে ভবিষ্যতে বড় ধরনের ক্ষতির আশঙ্কা রয়েছে। তাই অবৈধ বালি উত্তোলন বন্ধে নিয়মিত নজরদারি ও কঠোর প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ জরুরি। এ বিষয়ে কলাপাড়া উপজেলার সহকারী কমিশনার (ভূমি) ও কুয়াকাটা পৌরসভার প্রশাসক ইয়াসীন সাদেক বলেছেন, অনিয়মের সংবাদ পেয়ে আমরা দ্রুত ঘটনাস্থলে অভিযান পরিচালনা করি। তবে সেখানে বালু উত্তোলনের সঙ্গে জড়িত কাউকে উপস্থিত পাওয়া যায়নি। ঘটনাস্থলে থাকা অবৈধ বালু উত্তোলনের কাজে ব্যবহৃত সরঞ্জাম জব্দ করে বিনষ্ট করা হয়েছে। এ ধরনের অবৈধ কর্মকাণ্ডের সঙ্গে যারা জড়িত, তাদের শনাক্ত করে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে। উপকূলীয় পরিবেশ ও সমুদ্রসৈকত রক্ষায় অবৈধ বালি উত্তোলনের বিরুদ্ধে আমাদের এ ধরনের অভিযান ভবিষ্যতেও নিয়মিতভাবে চলমান থাকবে।

বিএনপি নেতার টাকা গুনে

দাবি করা চাকরিপ্রার্থী মো. কাওছার-সহ বেশ কয়েকজন। অভিযোগ উঠেছে, মাদ্রাসায় অফিস সহায়ক পদে নিয়োগ পেতে মো. কাওছার নামে এক ব্যক্তি মাদ্রাসার সভাপতি নাসির আহম্মেদ তালুকদারকে গত ১ জুলাই তাঁর বাসায় গিয়ে ২ লাখ টাকা দেন। ওই টাকা গুনে দেন মাদ্রাসার দপ্তরি মো. ইব্রাহিম। সেই ভিডিও সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়েছে। ভাইরাল ভিডিওতে দেখা গেছে, মাদ্রাসার দপ্তরি মো. ইব্রাহিম টাকা গুনে নাসির তালুকদারকে দিচ্ছেন। এ সময় নাসির অফিস সহায়ক পদপ্রার্থী কাওছারকে বলেন, ‘দায়িত্ব সব আমার। মোর বাসায় বইয়া খাতায় লেইখা চইলা যাবা।’ তিনি জানতে চান, ‘টাহা দিবি না আইজ?’ এ সময় চাকরি প্রার্থী কাওছার বলেন, ‘এই কিন্তু দুই লাখ টাকা দেওয়া হইছে মামা। বিলটা কিন্তু কইরা দিতে হবে মামা।’ জবাবে সভাপতি নাসির বলেন, ‘সামনের মাসের মধ্যে অল কমপ্লিট বেতনাদির। আমি এ জন্যই বিজ্ঞপ্তি বাহিরে ছাড়িনি। কারণ আমারে ঘরের শত্রু বিভীষণ। শত্রু হইয়া কিছু করার নাই।’ এ সময় কাওছার দপ্তরিকে বলেন, ‘দেন আপনার হাত দিয়েই দেন।’ সভাপতি বলেন, ‘এই টাহা এহানেই পইড়া থাকবে। কোনোহানের টাহা কোনোহানে লাগাই না।’ জানতে চাইলে চাকরিপ্রার্থী কাওছার বলেন, তিনি চাকরির জন্য মাদ্রাসা সভাপতিকে কয়েক ধাপে ৬ লাখ টাকা দিয়েছেন। ভিডিওর সময় ২ লাখ দিয়েছেন। কিন্তু সভাপতি এখন ফোন ধরেন না। একই সঙ্গে ল্যাব সহকারী এবং নিরাপত্তাকর্মী নিয়োগের জন্য একটি অখ্যাত পত্রিকায় বিজ্ঞপ্তি দিয়ে কয়েকজনের কাছ থেকে ঘুষ নিয়েছেন। কাওছার স্বীকার করেন, নিজেই ওই ভিডিও ধারণ করেছিলেন। এর বিচার চেয়ে ইউএনওর কাছে তিনিসহ ভুক্তভোগীরা লিখিত অভিযোগ দিয়েছেন বলেও জানান কাওছার। টাকা নেওয়ার বিষয়ে মাদ্রাসার দপ্তরি মো. ইব্রাহিম বলেন, লেনদেনের সময় তিনি ছিলেন। টাকা নেওয়া হয়েছিল চাকরি দেওয়ার জন্য। ১ লাখ টাকা তিনি গুনে দিয়েছেন। পরে শুনেছেন আরও ১ লাখ টাকা দিয়েছেন কাওছার। তবে মাদ্রাসার সভাপতি ও ঝালকাঠী জেলা বিএনপির সাবেক প্রচার সম্পাদক মো. নাসির আহম্মেদ তালুকদার বলেন, ‘ভিডিওর বিষয়টি ষড়যন্ত্র। ভিডিওতে যে টাকা গোনার চিত্র দেখা গেছে তা জমি বিক্রির। এখন একটা চক্র আমার মাদ্রাসায় গিয়ে আমাকে পদত্যাগ করার কথা বলে এসেছে।’ তিনি বলেন, ‘ইউএনও এর কাছে অভিযোগ দিয়ে থাকলে তা তদন্ত করে দেখা হোক।’ এ বিষয়ে রানাপাশা ইউনিয়ন বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক মেহেদী খান বলেন, মাদ্রাসায় নিয়োগে প্রকাশ্যে ঘুষ বাণিজ্য চলেছে। এটা ফাঁস হওয়ায় তাঁরা রোববার মাদ্রাসা সুপারের সঙ্গে দেখা করে নিয়োগ কার্যক্রম বন্ধ রাখা ও সভাপতির অপসারণ দাবি করেছেন। সুপার বলছেন, এটা সম্পূর্ণ সভাপতি করেছেন। এই নিয়োগ স্থগিত রাখা হবে। মাদ্রাসার সুপার মাওলানা মো. আবুল বাসার বলেন, ‘আমার সভাপতি নাসিরের নামে নিয়োগে অর্থ লেনদেনের অভিযোগ উঠেছে। ভিডিওতে দেখেছেন তাঁর মাদ্রাসার দপ্তরি ইব্রাহিম সভাপতিকে গুনে টাকা দিচ্ছে। সভাপতি ঘুষ নিয়েছে এমন অভিযোগে স্থানীয় বিএনপি নেতারা রোববার মাদ্রাসায় এসেছিলেন। তাঁরা বলেছেন, সভাপতিকে অব্যাহতি দেবে, না হয় ওনার বিরুদ্ধে অভিযোগ দেবেন তাঁরা।’ সুপার স্বীকার করেন, তিনটি পদে নিয়োগ বিজ্ঞপ্তি দিয়েছিলেন। কিন্তু কার্যক্রম বর্তমানে স্থগিত আছে। অভিযোগের বিষয়ে জানতে চাইলে নলছিটি উপজেলা নির্বাহী কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব) রিজভী আহমেদ সবুজ বলেন, তিনি জেলায় জরুরি সভায় আছেন। যে কারণে অভিযোগটি খতিয়ে দেখতে পারেননি। তিনি গিয়ে ব্যবস্থা নেবেন।

তথ্য ও সম্প্রচার মন্ত্রী এবং শেরই বাংলা মেডিকেল কলেজ হাসপাতালের ব্যবস্থাপনা কমিটির সভাপতি জহির উদ্দিন স্বপন এমপি হাসপাতালের চতুর্থ শ্রেণি সরকারি কর্মচারী সমিতির নেতৃবৃন্দ -**কীর্তনখোলা**

গণসংযোগে হামলার অভিযোগ, হিজলায় বিএনপির ২০ নেতাকর্মী আহত

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালের হিজলা উপজেলায় আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচনকে কেন্দ্র করে গণসংযোগ চলাকালে বিএনপির দুই পক্ষের মধ্যে সংঘর্ষ ও হামলার ঘটনায় অন্তত ২০ জন নেতাকর্মী আহত হয়েছেন। আহতদের মধ্যে দুজনের অবস্থা আশঙ্কাজনক হওয়ায় তাদের ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে। রোববার (২৬ জুলাই) বিকেল প্রায় ৫টার দিকে উপজেলার ৫ নম্বর হিজলা গৌরবদী ইউনিয়নের মান্দা বাজার এলাকায় এ ঘটনা ঘটে। স্থানীয় সূত্র ও পুলিশ জানায়, আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচন উপলক্ষে ৫ নম্বর হিজলা গৌরবদী ইউনিয়ন বিএনপির আহ্বায়ক ও সম্ভাব্য চেয়ারম্যান প্রার্থী ফরিদ উদ্দিন বেপারি দলীয় নেতাকর্মীদের নিয়ে মান্দা বাজারে গণসংযোগ, কুশল বিনিময় এবং ভোটারদের দোয়া ও সমর্থন কামনা করছিলেন। এ সময় প্রতিপক্ষের সঙ্গে সংঘর্ষের ঘটনা ঘটে। ফরিদ উদ্দিন বেপারির পক্ষের অভিযোগ, একই ইউনিয়ন বিএনপির যুগ্ম আহ্বায়ক ও সম্ভাব্য চেয়ারম্যান প্রার্থী তানভীর তালুকদারের সমর্থিত ৩০ থেকে ৪০ জনের একটি দল দেশীয় অস্ত্র নিয়ে অতর্কিত হামলা চালায়। হামলাকারীরা ককটেল বিস্ফোরণ ঘটিয়ে নেতাকর্মীদের ছত্রভঙ্গ করে এবং ধারালো অস্ত্র দিয়ে এলোপাতাড়ি কুপিয়ে আহত করে। তাদের অভিযোগ, হামলায় কয়েকজনের হাত ও পায়ের রগ কেটে দেওয়া হয়েছে। হামলায় ফরিদ উদ্দিন বেপারি ছাড়াও জিয়াউদ্দিন বেপারি, মোস্তফা বেপারি (বাবুর্চি), আলম শরীফ সিকদার, জসিম সিকদার, আলাউদ্দিন বাবুর্চি, কামাল মাঝি, ফারুক হাওলাদার, ফারুক ফরাজী, আক্তার মাঝিসহ প্রায় ২০ জন আহত হন। আহতদের প্রথমে হিজলা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়। পরে গুরুতর আহতদের বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়া হয়। সেখানে চিকিৎসাধীন অবস্থায় যুবদল নেতা জিয়াউদ্দিন বেপারি ও মোস্তফা বেপারির শারীরিক অবস্থার অবনতি হলে উন্নত চিকিৎসার জন্য তাদের ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়। অন্য আহতরা বরিশাল ও হিজলার বিভিন্ন হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। শেবাচিম হাসপাতালে চিকিৎসাধীন ফরিদ উদ্দিন বেপারি দাবি করেন, দীর্ঘদিন ইউনিয়ন বিএনপির দায়িত্ব পালন করে আসছেন এবং নির্বাচনে জনসমর্থন বাড়তে থাকায় রাজনৈতিক প্রতিপক্ষ পরিকল্পিতভাবে তার ওপর এ হামলা চালিয়েছে। ঘটনার পর মান্দা বাজারসহ আশপাশের এলাকায় আতঙ্ক ছড়িয়ে পড়ে। পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে পুলিশ অতিরিক্ত নজরদারি জোরদার করেছে। এ বিষয়ে হিজলা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সুলাইমান হোসেন বলেন, রাজনৈতিক কোন্দলের জেরে এ ঘটনার সূত্রপাত হয়েছে। অভিযোগের ভিত্তিতে বিষয়টি তদন্ত করে আইনগত ব্যবস্থা নেওয়া হচ্ছে। মামলার প্রক্রিয়াও চলমান রয়েছে। তবে এ ঘটনায় যার বিরুদ্ধে অভিযোগ আনা হয়েছে, তার বক্তব্য তাৎক্ষণিকভাবে পাওয়া যায়নি।

চরফ্যাশনে পুকুরে ডুবে

অ্যাডভোকেট শিহাব মাহমুদের ছেলে। বিদ্যালয় সূত্রে জানা গেছে, সোমবার বিদ্যালয় মাঠে ষষ্ঠ ও দশম শ্রেণির শিক্ষার্থীদের মধ্যে আন্তঃশ্রেণি ফুটবল প্রতিযোগিতা চলছিল। খেলা শেষে কয়েকজন শিক্ষার্থী পাশের ডাকবাংলোর পুকুরে গোসল করতে যায়। এ সময় লাবিবও তাদের সঙ্গে পানিতে নামলে একপর্যায়ে নিখোঁজ হয়। সহপাঠীরা তাকে খুঁজে না পেয়ে বিষয়টি বিদ্যালয়ের শিক্ষকদের জানায়। পরে খবর দেওয়া হয় ফায়ার সার্ভিসকে। উদ্ধারকর্মীরা ঘটনাস্থল থেকে লাবিবকে উদ্ধার করে চরফ্যাশন হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। চরফ্যাশন হাসপাতালের জরুরি বিভাগের সহকারী রিয়াজ হোসেন জানান, হাসপাতালে আনার আগেই ওই শিক্ষার্থীর মৃত্যু হয়েছিল। পরিবারের সদস্যরা জানিয়েছেন, লাবিব সাঁতার জানত না। ঘটনার পর চরফ্যাশনের উপজেলা নির্বাহী কর্মকর্তা রুমানা আফরোজ ঘটনাস্থলে উপস্থিত হন। তিনি বলেন, খবর পাওয়ার পরপরই তিনি ডাকবাংলোর পুকুরপাড়ে যান এবং তার সামনেই ফায়ার সার্ভিস কর্মীরা উদ্ধার অভিযান চালান। বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষিকা তাসলিমা বেগম বলেন, ফুটবল খেলা শেষে বন্ধুদের সঙ্গে গোসল করতে গিয়ে লাবিব পানিতে ডুবে মারা গেছে। এ ঘটনায় বিদ্যালয়ের পক্ষ থেকে শোকাহত পরিবারের প্রতি সমবেদনা জানানো হয়েছে। চরফ্যাশন থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মাহমুদ আল ফরিদ ভূঁইয়া জানান, এ ঘটনায় নিহতের পরিবারের পক্ষ থেকে কোনো অভিযোগ করা হয়নি। অভিযোগ পেলে আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে। লাবিবের মৃত্যুতে পরিবার ও সহপাঠীদের মধ্যে নেমে এসেছে শোকের ছায়া।

গৌরনদীতে অ্যাম্বুলেন্স

গৌরনদী, আগৈলঝাড়া ও উজিরপুর উপজেলা প্রাইভেট অ্যাম্বুলেন্স মালিক কল্যাণ সমিতির সভাপতি জাবেদ সেলিম এবং সাংগঠনিক সম্পাদক মো. শাকিল হাওলাদার। এ সময় সংগঠনের অন্যান্য অ্যাম্বুলেন্স মালিক ও শ্রমিকরা উপস্থিত ছিলেন। বক্তারা বলেন, দীর্ঘদিন ধরে অ্যাম্বুলেন্স সেবার সঙ্গে সংশ্লিষ্ট বিভিন্ন যৌক্তিক দাবি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে জানানো হলেও তা বাস্তবায়নের কার্যকর উদ্যোগ নেওয়া হয়নি। তারা অভিযোগ করেন, অ্যাম্বুলেন্সের নিবন্ধন, পার্কিং, টোল সুবিধা, জ্বালানি সরবরাহ এবং অ্যাম্বুলেন্স পরিচালনার জন্য পৃথক বাণিজ্যিক নীতিমালা না থাকায় প্রতিনিয়ত নানা সমস্যার মুখোমুখি হতে হচ্ছে। তারা আরও বলেন, ভাড়ায় পরিচালিত অ্যাম্বুলেন্সের জন্য উপযুক্ত নিবন্ধনের ব্যবস্থা, অ্যাম্বুলেন্স-সংক্রান্ত বাণিজ্যিক নীতিমালার বাস্তবায়ন, প্রতিটি সরকারি হাসপাতালে নির্ধারিত পার্কিং সুবিধা, হাইকোর্টের রায় অনুযায়ী টোল ফ্রি সুবিধা কার্যকর করা, লাশবাহী ফ্রিজার ভ্যান ও লাশ বহনকারী অ্যাম্বুলেন্সের টোল মওকুফ এবং ২৪ ঘণ্টা জ্বালানি সরবরাহ নিশ্চিত করার দাবি দীর্ঘদিনের। এসব দাবি বাস্তবায়িত হলে জরুরি চিকিৎসাসেবাও আরও কার্যকর ও নিরাপদ হবে। বক্তারা হুঁশিয়ারি দিয়ে বলেন, আগামী ২৮ জুলাইয়ের মধ্যে তাদের পাঁচ দফা দাবি বাস্তবায়নের বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণ না করা হলে ২৯ জুলাই (বুধবার) সকাল ৬টা থেকে সারা দেশে অনির্দিষ্টকালের জন্য অ্যাম্বুলেন্স ধর্মঘট পালন করা হবে। সমাবেশ থেকে সরকারের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি দ্রুত দাবি বাস্তবায়নের আহ্বান জানিয়ে বক্তারা বলেন, “নিরাপদ অ্যাম্বুলেন্স সেবা নিশ্চিত করুন, আমাদের অধিকার বাস্তবায়ন করুন” এই দাবিতেই তাদের চলমান আন্দোলন।

ঢাকায় যাচ্ছিলেন ক্যানসার রোগী

পৌঁছালে চালক নিয়ন্ত্রণ হারান। এ সময় অ্যাম্বুলেন্সটি সড়কের পাশের একটি গাছে সজোরে ধাক্কা খেয়ে খাদে পড়ে যায়। দুর্ঘটনায় আহত হন রোগী ফজলুল হক হাওলাদার, তাঁর ছেলে রিয়াজুল ইসলাম (৪৫), পুত্রবধূ আফরোজা বেগম (৪০), জামাতা মামুন হোসেন লাভলু, নাতি পলক হোসেন (২২) এবং অ্যাম্বুলেন্সের চালক। চালকের পরিচয় তাৎক্ষণিকভাবে জানা যায়নি। ঝালকাঠি সদর হাসপাতালের আবাসিক মেডিকেল কর্মকর্তা (আরএমও) ডা. টি এম মেহেদী হাসান (সানি) বলেন, আহতদের প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়েছে। তাঁদের মধ্যে ফজলুল হক হাওলাদারের একটি পা ভেঙে গেছে। পরে তাঁকে অন্য একটি অ্যাম্বুলেন্সে উন্নত চিকিৎসার জন্য ঢাকায় পাঠানো হয়েছে। আহত রোগীর ভাতিজা মতিন রহমান বলেন, প্রতি মাসের মতো সোমবারও চিকিৎসার জন্য ফজলুল হক হাওলাদারকে ঢাকায় নেওয়া হচ্ছিল। দুর্ঘটনায় তাঁর একটি পা ভেঙে যায়। প্রাথমিক চিকিৎসা শেষে তাঁকে অন্য একটি অ্যাম্বুলেন্সে ঢাকার উদ্দেশে পাঠানো হয়েছে। নলছিটি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. তৌহিদুজ্জামান জানান, দুর্ঘটনাকবলিত অ্যাম্বুলেন্সটি উদ্ধারের কাজ চলছে। তবে মহাসড়কে যান চলাচল স্বাভাবিক রয়েছে।

ভাণ্ডারিয়ায় স্কুলের আয়-ব্যয়ের

ওঠায় সাধারণ শিক্ষদের তোপের মুখে পড়েন তিনি। স্থানীয় ও বিদ্যালয় সূত্রে জানা যায়, ২০২৪ সালের নভেম্বর মাসে সাবেক প্রধান শিক্ষক আ. খালেক অবসর গ্রহণ করার পর থেকে শ্যামল কৃষ্ণ মিস্ত্রী ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের দায়িত্ব পালন করে আসছেন। অভিযোগ রয়েছে, দায়িত্ব নেওয়ার পর থেকে গত ২০ মাসের বিদ্যালয়ের আয়-ব্যয়ের কোনো হিসাব তিনি শিক্ষকদের দেননি। সম্প্রতি বিদ্যালয়ের ব্যবস্থাপনা কমিটি গঠনের প্রক্রিয়া শুরু হলে ওই ২০ মাসের হিসাব বিদ্যালয়ের সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসারের (ইউএনও) কাছ থেকে অনুমোদন করানোর উদ্যোগ নেন তিনি। এবিষয়ে সহকারী শিক্ষক তাজিনুর বেগম সাংবাদিকদের জানান, সকালে বিদ্যালয়ে আসার পর ক্যাশিয়ার পরিবর্তনের কথা বলে শিক্ষকদের কাছ থেকে আংশিক লেখা রেজুলেশনে স্বাক্ষর নেওয়া হয়। কয়েকজন শিক্ষক স্বাক্ষর করার পর দেখা যায়, রেজুলেশনের ফাঁকা অংশে বিদ্যালয়ের আয়-ব্যয়ের হিসাব লেখা হয়েছে। বিষয়টি অন্যান্য শিক্ষকরা দেখতে পেলে তারা সবাই মিলে ওই রেজুলেশন বাতিলের দাবি জানান। পরে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক তার কক্ষে গিয়ে দরজা বন্ধ করে অবস্থান করেন। সহকারী শিক্ষক শিশির কুমার জানান, সহকারী শিক্ষক রফিকুল ইসলাম বিষয়টি সবাইকে জানালে শিক্ষকরা একজোট হয়ে প্রতারণামূলক ওই রেজুলেশন বাতিলের দাবি জানান। সহকারী শিক্ষক রফিকুল ইসলাম জানান, ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক আংশিক রেজুলেশনে আমাদের স্বাক্ষর নিয়ে সেখানে গোপনে আয়-ব্যয়ের হিসাব লিখে আমাদের সাথে প্রতারণা করতে চেয়েছিলেন। এ অভিযোগের বিষয়ে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক শ্যামল কৃষ্ণ মিস্ত্রীর সাথে মুঠোফোনে যোগাযোগ করা হলে তিনি এ প্রতিবেদককে জানান, ‘একটি অসম্পূর্ণ রেজুলেশনে স্বাক্ষর করার কথা যে সকল শিক্ষকরা বলেন,তারা আসলে কি বোঝাতে চান সেটা আমি বুঝিনা’। কারন একটি অসম্পূর্ণ রেজুলেশনেতো স্বাক্ষর করার ই কথা না !! তার পরেও স্কুল ছুটির পর আমি রেজুলেশন নিয়ে উপজেলা নির্বাহী অফিসার স্যারের কাছে গিয়েছি। এবং তাকে সকল ঘটনার বিষয় উল্ল্যেখ করেছি। পরবর্তীতে এ ঘটনায় বিদ্যালয়ের বর্তমান সভাপতি উপজেলা নির্বাহী অফিসার স্যার উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তরের অ্যাকাডেমিক সুপারভাইজার মো. রুহুল আমীন স্যারকে প্রধাণ করে চার সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করে দিয়েছেন। ঐ কমিটি উল্ল্যেখিত ঘটনার তদন্ত রিপোর্ট প্রদানের পর আসল সত্য প্রকাশ পাবে। এ বিষয়ে ঐ বিদ্যালয় পরিচালনা কমিটির বর্তমান সভাপতি উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) মো. হাসিবুল হাসান সাংবাদিকদের বলেন, ঘটনাটি আমি শুনেছি। আজ (গতকাল) সোমবার উভয় পক্ষকে অফিসে ডাকা হয়েছে। তাদের সাথে আলোচনা সাপেক্ষে একটি তদন্ত কমিটি গঠন করে দেয়া হয়েছে।

বোরহানউদ্দিনে অপপ্রচার, হামলা

দীর্ঘদিনের জমি-সংক্রান্ত বিরোধ রয়েছে এবং এ বিষয়ে একটি মামলা বর্তমানে আদালতে বিচারাধীন। বিচারাধীন এই বিরোধকে আড়াল করতে এবং তাকে সামাজিক ও রাজনৈতিকভাবে ক্ষতিগ্রস্ত করার উদ্দেশ্যে তার বিরুদ্ধে অপপ্রচার চালানো হচ্ছে বলে তিনি অভিযোগ করেন। তিনি আরও অভিযোগ করেন, বাড়ির নির্মাণকাজের জন্য টাইলস কিনতে বাজারে যাওয়ার পথে কাউছার, জুয়েল, নুরুদ্দিন, গিয়াসউদ্দিন, ফারুক, আকবর, রাকিব, হাসান, হৃদয়সহ ১৫ থেকে ২০ জন তার পথরোধ করে হামলা চালায়। এ সময় তার মোটরসাইকেল এবং নগদ ৬০ হাজার টাকা নিয়ে যাওয়া হয় বলেও তিনি দাবি করেন। সংবাদ সম্মেলনে তিনি জানান, ঘটনার পরপরই জাতীয় জরুরি সেবা ৯৯৯-এ ফোন করে সহায়তা চান। পরে আহত অবস্থায় ভোলা সদর হাসপাতালে চিকিৎসা নেন এবং বোরহানউদ্দিন থানায় একটি লিখিত অভিযোগ দায়ের করেন। তার দাবি, হাসপাতাল থেকে বাড়িতে ফেরার পরও তার ওপর পুনরায় হামলা চালানো হয়। থানায় দায়ের করা অভিযোগ প্রত্যাহার করতে তাকে ভয়ভীতি প্রদর্শন ও বিভিন্নভাবে চাপ প্রয়োগ করা হয়েছে বলেও তিনি অভিযোগ করেন। একই সঙ্গে মূল ঘটনাকে আড়াল করতে তাকে মাদক কারবারি হিসেবে প্রচার করে মানববন্ধনের আয়োজন করা হয়েছে বলে তার অভিযোগ। সংবাদ সম্মেলনে সাকিল মীর বলেন, তিনি আইনের প্রতি শ্রদ্ধাশীল একজন নাগরিক এবং কখনো আইন নিজের হাতে তুলে নেননি। তিনি আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, জেলা প্রশাসন ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে ঘটনার সুষ্ঠু, নিরপেক্ষ ও স্বচ্ছ তদন্তের দাবি জানান। তিনি বলেন, তার বিরুদ্ধে আনা অভিযোগের সত্যতা পাওয়া গেলে আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হোক। আর অভিযোগগুলো মিথ্যা ও উদ্দেশ্যপ্রণোদিত প্রমাণিত হলে তার সম্মানহানি, হামলা ও অপপ্রচারের সঙ্গে জড়িতদের বিরুদ্ধেও আইনানুগ ব্যবস্থা গ্রহণের দাবি জানান।

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ মঙ্গলবার ॥ ২৮ জুলাই ২০২৬ ॥ ১৩ শ্রাবণ ১৪৩৩

যুক্তরাষ্ট্র-ইরান উত্তেজনা থামায় তেলের দামে বড় পতন

কীর্তনখোলা ডেস্ক
যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে সামরিক উত্তেজনা কমার ইঙ্গিত মিলতেই আন্তর্জাতিক বাজারে অপরিশোধিত তেলের দাম প্রায় ৪ শতাংশ কমেছে। কূটনৈতিক সমাধানের আশা এবং হরমুজ প্রণালিতে জাহাজ চলাচল স্বাভাবিক হওয়ার সম্ভাবনায় ৩ এর পাতায় দেখুন

যুদ্ধ কখন শেষ হবে তা যুক্তরাষ্ট্র নয় ইরান নির্ধারণ করবে: তেহরান

কীর্তনখোলা ডেস্ক
ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র ইসমাইল বাঘায়ি বলেছেন, যুদ্ধ কিংবা শান্তির সময় কখন হবে সেটি নির্ধারণের অধিকার যুক্তরাষ্ট্রকে দেওয়া হবে না, বরং তা ইরান নির্ধারণ করবে। জাতীয় নিরাপত্তা ও স্বার্থ রক্ষায় যতদিন প্রয়োজন ৩ এর পাতায় দেখুন

বরিশাল বিভাগের স্বাস্থ্যের বিভিন্ন পর্যায়ে প্রশাসনিক কর্মকর্তা ও শেরই বাংলা মেডিকেল কলেজ হাসপাতালের চিকিৎসক কর্মকর্তা কর্মচারীদের সাথে মতবিনিময় সভায় বক্তব্য রাখেন তথ্য ও সম্প্রচার মন্ত্রী এবং শেরই বাংলা মেডিকেল কলেজ হাসপাতালের ব্যবস্থাপনা কমিটির সভাপতি জহির উদ্দিন স্বপন এমপি-**কীর্তনখোলা**

বঙ্গোপসাগরে গভীর নিম্নচাপ, দেশজুড়ে টানা পাঁচদিন ভারী বৃষ্টির আশঙ্কা

কীর্তনখোলা ডেস্ক
আগামী পাঁচদিন দেশজুড়ে হালকা থেকে মাঝারি এবং স্থানভেদে মাঝারি ধরনের ভারি থেকে ভারি বর্ষণ অব্যাহত থাকতে পারে। সোমবার (২৭ জুলাই) আবহাওয়া অধিদপ্তরের দেওয়া পূর্বাভাসে এই সতর্কবার্তা জানানো হয়। পূর্বাভাস অনুযায়ী, উত্তরপশ্চিম বঙ্গোপসাগর ও তার কাছাকাছি এলাকায় অবস্থানরত মৌসুমি নিম্নচাপটি ঘনীভূত হয়ে গভীর নিম্নচাপে পরিণত হয়েছে। আজ মঙ্গলবার (২৮ জুলাই) সকাল ৯টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অধিকাংশ জায়গায় এবং রংপুর, রাজশাহী, ঢাকা ও ময়মনসিংহ বিভাগের কিছু কিছু জায়গায় হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি বা বজ্রবৃষ্টি এবং কোথাও কোথাও ভারী বর্ষণ হতে পারে।
৩ এর পাতায় দেখুন

বকেয়ার দাবিতে অলিম্পিক সিমেন্টের শ্রমিকদের অবস্থান

কীর্তনখোলা রিপোর্ট
বকেয়া পাওনাদি পরিশোধের দাবিতে আন্দোলনের ৪৭তম দিনে সোমবার অলিম্পিক সিমেন্ট কারখানার শ্রমিকরা বরিশাল জেলা প্রশাসক কার্যালয়ে অবস্থান কর্মসূচি পালন ও স্মারকলিপি পেশ করেছেন। সকাল ১১টা থেকে ১টা পর্যন্ত চলা এ কর্মসূচিতে শ্রমিকরা জুলাই মাসের মধ্যে বকেয়া পাওনাদি পরিশোধের উদ্যোগ নেওয়ার আহ্বান জানান। এ উপলক্ষে অশ্বিনী কুমার হলচত্বর থেকে একটি মিছিল বের হয়ে বরিশাল জেলা প্রশাসন কার্যালয়ে এসে অবস্থান কর্মসূচি ও সমাবেশ করে। সমাবেশে সভাপতিত্ব করেন অলিম্পিক সিমেন্ট এন্ড ফাইবার শ্রমিক ইউনিয়নের ৩ এর পাতায় দেখুন

চিকিৎসককে বাবায় 'ভাই' ডাকায় চিকিৎসা পেল না কোলের শিশু

রাজাপুর প্রতিনিধি
ঝালকাঠির রাজাপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে একজন চিকিৎসককে 'স্যার' না বলে 'ভাই' সম্বোধন করায় রোগীর সঙ্গে বাকবিতণ্ডায় জড়িয়ে চিকিৎসাসেবা না দিয়ে ফিরিয়ে দেওয়ার অভিযোগ উঠেছে। এ ঘটনায় ধারণকৃত একটি ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়লে বিষয়টি নিয়ে ব্যাপক আলোচনা-সমালোচনার সৃষ্টি হয়েছে। ভিডিওতে দেখা যায়, রোগীর স্বজন চিকিৎসককে উদ্দেশ করে বলছেন, 'প্রথমে ঢুকেই আপনাকে সালাম দিলাম, এরপর ভাই বললাম। আপনি কোন গেজেটেড অফিসার যে আপনাকে ভাই বলা যাবে না?' জবাবে চিকিৎসক বলেন, 'আপনি চলে যান, আপনার সঙ্গে কোনো কথা বলব না।' জানা গেছে ৩ এর পাতায় দেখুন

'এইচআইভি ভাইরাসের চেয়েও ১০০ গুণ বেশি ভয়ংকর হেপাটাইটিস বি'

কীর্তনখোলা ডেস্ক
হেপাটাইটিস বি ভাইরাস (এইচবিভি) এইডস বা হিউম্যান ইমিউনো-ডেফিসিয়েন্সি ভাইরাসের (এইচআইভি) চেয়েও ৫০ থেকে ১০০ গুণ বেশি ভয়ংকর বলে দাবি করেছেন বিশেষজ্ঞরা। তাদের দাবি, বাংলাদেশে প্রতিবছর হেপাটাইটিস বি ভাইরাসে আক্রান্ত হয়ে ২২ হাজার মানুষ মারা যান। বর্তমানে বাংলাদেশে ৯৩ লাখ মানুষ এই ভাইরাসে আক্রান্ত হওয়ার ঝুঁকিতে রয়েছেন। এরই মধ্যে ৬৯ লাখ মানুষ এই ভাইরাসে আক্রান্ত হয়েছেন। সোমবার (২৭ জুলাই) রাজধানীর তোপখানা রোডের বাংলাদেশ মেডিকেল অ্যাসোসিয়েশনের অডিটোরিয়ামে
৩ এর পাতায় দেখুন

পরীক্ষায় ফলাফল খারাপ হওয়ায় ভয়ে ছাত্রীর আত্মহত্যা

ভোলা প্রতিনিধি
ভোলা সদর উপজেলায়পরীক্ষায় ফলাফল খারাপ হওয়ায় গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করেছেন মৃহাত ইসলাম তাকি (১৩) নামের অষ্টম শ্রেণির এক ছাত্রী। পরে খবর পেয়ে ঘটনাস্থল থেকে ওই ছাত্রীর মরদেহ উদ্ধার করেছে পুলিশ। ভোলা পৌর শহরের ৭নম্বর ওয়ার্ডের উকিল পড়া এলাকার ভাড়া বাসা থেকে তার মরদেহ উদ্ধার করা হয়। নিহত স্কুল ছাত্রী তাকি উপজেলার ভেদুরিয়া ইউনিয়নের ১ নম্বর ওয়ার্ডের চর রমেস গ্রামের স্কুল শিক্ষক মাইনুল-সামসুন নাহার দম্পতির কন্যা এবং ভোলা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের অষ্টম শ্রেণির ছাত্রী। তার শহরের একটি ভাড়া ৩ এর পাতায় দেখুন

চার সদস্যের তদন্ত কমিটি গঠন

ভাণ্ডারিয়ায় স্কুলের আয়-ব্যয়ের হিসাব নিয়ে দুই পক্ষের দ্বন্দ্ব

ভাণ্ডারিয়া প্রতিনিধি
পিরোজপুরের ভাণ্ডারিয়া উপজেলার ৪ নম্বর ইকড়ি ইউনিয়েনের বোথলা মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষকদের না জানিয়ে গোপন রেজুলেশন এবং ভুয়া আয়-ব্যয়ের হিসাব পাসের চেষ্টার অভিযোগে তোলপাড় সৃষ্টি হয়েছে। গত রবিবার (২৬জুলাই) সকালে বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক শ্যামল কৃষ্ণ মিস্ত্রীর বিরুদ্ধে আংশিক রেজুলেশনে শিক্ষকদের স্বাক্ষর নিয়ে অনিয়মের অভিযোগ ৩ এর পাতায় দেখুন

বোরহানউদ্দিনে অপপ্রচার, হামলা ও মানববন্ধন নিয়ে বিস্ফোরক অভিযোগ

বোরহানউদ্দি প্রতিনিধি
ভোলার বোরহানউদ্দিন উপজেলার কাচিয়া ইউনিয়নের ৪ নম্বর ওয়ার্ডের বাসিন্দা মোঃ সাকিল মীর তার বিরুদ্ধে মাদক কারবারের অভিযোগ, হামলা এবং উদ্দেশ্যপ্রণোদিত অপপ্রচারের প্রতিবাদে সংবাদ সম্মেলন করেছেন। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে তিনি দাবি করেন, সম্প্রতি তাকে মাদক কারবারি আখ্যা দিয়ে সামাজিকভাবে হেয় প্রতিপন্ন করার চেষ্টা করা হচ্ছে। গত ২৬ জুলাই কাচিয়া ইউনিয়নের মিঝির বাজারে তাকে জড়িয়ে একটি মানববন্ধন ও বিক্ষোভ কর্মসূচি পালন করা হয়। তবে তার বিরুদ্ধে আনা অভিযোগ সম্পূর্ণ মিথ্যা, ভিত্তিহীন ও উদ্দেশ্যপ্রণোদিত বলে তিনি দাবি করেন। সাকিল মীর বলেন, তাদের পরিবারের সঙ্গে আনোয়ার দফাদারের পরিবারের
৩ এর পাতায় দেখুন

সৈকতের বালু তুলে মেরিন ড্রাইভ নির্মাণ, মধ্যরাতে প্রশাসনের অভিযান

কলাপাড়া প্রতিনিধি
পটুয়াখালীর কুয়াকাটায় সমুদ্রসৈকত থেকে অবৈধভাবে বালু উত্তোলন করে নির্মাণাধীন মেরিন ড্রাইভ সড়কের কাজে ব্যবহারের অভিযোগে মধ্যরাতে অভিযান চালিয়েছে প্রশাসন। অভিযানে বালু উত্তোলনের কাজে ব্যবহৃত সরঞ্জাম জব্দ করে বিনষ্ট করা হয়েছে। স্থানীয়দের অভিযোগ, এভাবে সমুদ্রসৈকত থেকে বালু উত্তোলন অব্যাহত থাকলে কুয়াকাটা শহর রক্ষা বাঁধ মারাত্মক ঝুঁকির মুখে পড়বে। রোববার (২৬ জুলাই) মধ্যরাতে কলাপাড়া উপজেলার সহকারী কমিশনার (ভূমি) ও কুয়াকাটা পৌরসভার প্রশাসক ইয়াসীন ৩ এর পাতায় দেখুন

প্রথম শ্রেণির শিক্ষার্থীকে ধর্ষণচেষ্টার অভিযোগ

কলাপাড়া প্রতিনিধি
পটুয়াখালীর কলাপাড়ায় ২০ টাকা দেওয়ার কথা বলে প্রথম শ্রেণির শিক্ষার্থীকে ধর্ষণচেষ্টার অভিযোগ উঠেছে সাইদুল খান (৩২) নামে যুবকের বিরুদ্ধে। এ ঘটনায় রোববার (২৬ জুলাই) মধ্যরাতে ওই শিশুর মা বাদী হয়ে কলাপাড়া থানায় মামলা দায়ের করেছেন। এর আগে, শুক্রবার সন্ধ্যায় উপজেলার টিয়াখালী ইউনিয়নের নাচনাপাড়া কলোনি এলাকায় এ ঘটনা ঘটে। পুলিশ ও ভুক্তভোগী শিশুর পারিবারিক সূত্রে জানা যায়, কলাপাড়া শহরের এতিমখানার বাসিন্দা অভিযুক্ত সাইদুল কয়েকদিন আগে কলোনি এলাকায় তার শ্বশুর বাড়িতে বেড়াতে যান। শুক্রবার সন্ধ্যায় তিনি ওই শিশুকে ২০ টাকা দেওয়ার কথা বলে তার শ্বশুরঘর ও ওই শিশুর ঘরের মধ্যবর্তী নির্জন স্থানে নিয়ে ধর্ষণচেষ্টা চালান। পরে তাকে ২০ টাকা দেন এবং বিষয়টি কাউকে জানালে তাকে মারধরের হুমকি দেন। শিশুটি টাকা দিয়ে বিস্কুট কিনে ঘরে গেলে তার মা টাকার বিষয় জানতে চান। তখন শিশুটি ধর্ষণচেষ্টার বিষয়টি খুলে বলে। স্থানীয়রা বিষয়টি মীমাংসার চেষ্টা করেও ৩ এর পাতায় দেখুন

ঢালাইয়ের কয়েক ঘণ্টার মধ্যেই সেতুর স্লাব ধস, তদন্তে দুইটি টিম

গৌরনদী প্রতিনিধি
নির্মাণাধীন একটি সেতুর স্লাব ঢালাইয়ের কয়েক ঘণ্টার মধ্যেই ভেঙে পড়ার ঘটনায় তদন্তে নেমেছে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ। ইতোমধ্যে ঘটনাস্থল পরিদর্শন করেছে দুর্যোগ ও ত্রাণ মন্ত্রণালয়ের সেতু বিভাগের একটি তিন সদস্যর তদন্ত দল এবং বরিশাল জেলা প্রকল্প কর্মকর্তার নেতৃত্বাধীন আরেকটি তদন্তকারী টিম। বরিশালের গৌরনদী উপজেলা প্রকল্প অফিস সূত্রে জানা গেছে, ২০২৩-২৪ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো উন্নয়ন ও বাস্তবায়ন প্রকল্পের আওতায় খাঞ্জাপুর ইউনিয়নের আহম্মদকাঠী খালের ওপর সেতুটি নির্মাণের জন্য দরপত্র আহবান করা হয়। বরিশালের ডায়নামিক আইসিটি এসপি নামের একটি প্রতিষ্ঠান কাজটি পায়। ২০২৪ সালের ৩ এর পাতায় দেখুন

বিএনপি নেতার টাকা গুনে নেওয়ার ভিডিও ভাইরাল

নলছিটি প্রতিনিধি
ঝালকাঠীর নলছিটি ইউনিয়নের রানাপাশ হোসাইনিয়া হামিদিয়া দাখিল মাদ্রাসার সভাপতি এবং জেলা বিএনপির সাবেক প্রচার সম্পাদক মো. নাসির আহম্মেদ তালুকদারের বিরুদ্ধে নিয়োগ বাণিজ্যের অভিযোগ উঠেছে। রোববার কথিত ঘুষ গ্রহণের একটি ভিডিও সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়লে এলাকায় তোলপাড় শুরু হয়। স্থানীয় বিএনপির নেতা-কর্মীরাই ওই দিন মাদ্রাসায় গিয়ে সুপারকে এই নিয়োগ কার্যক্রম স্থগিত এবং সভাপতির অপসারণ দাবি করেছেন। এদিকে সোমবার নলছিটি উপজেলা নির্বাহী কর্মকর্তার (ইউএনও) কাছে নিয়োগে ঘুষ বাণিজ্যের ঘটনা তদন্তের আবেদন করেছেন ২ লাখ টাকা ঘুষ দিয়েছেন বলে ৩ এর পাতায় দেখুন

ঢাকায় যাচ্ছিলেন ক্যানসার রোগী অ্যাম্বুলেন্স খাদে পড়ে ভাঙল পা

ঝালকাঠি প্রতিনিধি
ঝালকাঠি থেকে উন্নত চিকিৎসার জন্য ক্যানসার আক্রান্ত এক রোগীকে ঢাকায় নেওয়ার পথে একটি বেসরকারি অ্যাম্বুলেন্স নিয়ন্ত্রণ হারিয়ে সড়কের পাশের গাছে ধাক্কা খেয়ে খাদে পড়ে গেছে। এতে রোগীসহ ছয়জন আহত হয়েছেন। আহত রোগীর একটি পা ভেঙে গেছে। সোমবার সকাল সাড়ে ১০টার দিকে বরিশাল-ঝালকাঠি আঞ্চলিক মহাসড়কের নলছিটি উপজেলার রায়পুর বটতলা এলাকায় এ দুর্ঘটনা ঘটে। স্বজনদের সূত্রে জানা গেছে, ঝালকাঠি সদর উপজেলার পালবাড়ি এলাকার বাসিন্দা ও লবণ ব্যবসায়ী ফজলুল হক হাওলাদার (৭৫) দীর্ঘদিন ধরে ক্যানসারে আক্রান্ত। উন্নত চিকিৎসা ও নিয়মিত স্বাস্থ্য পরীক্ষার জন্য তাঁকে একটি বেসরকারি অ্যাম্বুলেন্সে ঢাকায় নেওয়া হচ্ছিল। পথে রায়পুর এলাকায় ৩ এর পাতায় দেখুন

গৌরনদীতে অ্যাম্বুলেন্স মালিকদের প্রতিবাদ সমাবেশ

গৌরনদী প্রতিনিধি
বাংলাদেশ অ্যাম্বুলেন্স মালিক কল্যাণ সমিতির কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে পাঁচ দফা দাবি বাস্তবায়নের দাবিতে বরিশালের গৌরনদীতে প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। একই সঙ্গে আগামী ২৯ জুলাই (বুধবার) সকাল ৬টা থেকে সারাদেশে অনির্দিষ্টকালের জন্য অ্যাম্বুলেন্স ধর্মঘট পালনের ঘোষণা দেওয়া হয়েছে। রবিবার (২৬ জুলাই) সন্ধ্যা ৭টায় গৌরনদী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স চত্বরে আয়োজিত এ কর্মসূচির আয়োজন করে বাংলাদেশ অ্যাম্বুলেন্স মালিক কল্যাণ সমিতি। এতে অংশ নেন গৌরনদী, আগৈলঝাড়া ও উজিরপুর উপজেলার প্রাইভেট অ্যাম্বুলেন্স মালিক ও শ্রমিকরা। সমাবেশে বক্তব্য রাখেন
৩ এর পাতায় দেখুন

চরফ্যাশনে পুকুরে ডুবে স্কুলছাত্রের মৃত্যু

চরফ্যাশন প্রতিনিধি
ভোলার চরফ্যাশনে সহপাঠীদের সঙ্গে গোসল করতে নেমে লাবিব মাহমুদ খান (১৫) নামে এক স্কুলছাত্রের মৃত্যু হয়েছে। সোমবার দুপুরের পর চরফ্যাশন সরকারি টিবি মাধ্যমিক বিদ্যালয়ের পাশের সরকারি ডাকবাংলোর পুকুরে এ দুর্ঘটনা ঘটে। নিহত লাবিব চরফ্যাশন সরকারি টিবি মাধ্যমিক বিদ্যালয়ের নবম শ্রেণির শিক্ষার্থী। সে চরফ্যাশন আদালতের আইনজীবী ৩ এর পাতায় দেখুন

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলা:** নলছিটি, রাজাপুর, **পটুয়াখালী জেলা:** পটুয়াখালী, বাউফল, আমতলী, **ভোলা জেলা:** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলা:** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলা:** উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আব্যশক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

–মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

জিয়ানগরে দুই ব্যবসায়ীকে সাড়ে ৩ হাজার টাকা জরিমানা

জিয়ানগর প্রতিনিধি
পিরোজপুরের জিয়ানগর বাজারে মোবাইল কোর্ট পরিচালনা করে দুই ব্যবসা প্রতিষ্ঠানকে মোট ৩ হাজার ৫০০ টাকা জরিমানা করা হয়েছে। সোমবার (২৭ জুলাই) সকালে উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট হাসান মো. হাফিজুর রহমানের নেতৃত্বে এ মোবাইল কোর্ট পরিচালিত হয়। মোবাইল কোর্ট সূত্রে জানা যায়, ইউনিয়ন পরিষদ আইন অনুযায়ী নির্ধারিত সময় অতিক্রম করে ট্রাক থেকে মালামাল আনলোড করায় একটি ব্যবসা প্রতিষ্ঠানকে ৩ হাজার টাকা ৩ এর পাতায় দেখুন

মাদকাসক্তি ও মানসিক
রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে
দি নিউ লাইফ
মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড
যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।
০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন
এম.বি.বি.এস; এফ.সি.পি.এস. ফেলো ডব্লিউ. এইচ.ও (অস্ট্রেলিয়া)
অধ্যক্ষ ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এক্স)
শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
চেম্বার: এ্যাপোলো ডায়াগনস্টিক কমপ্লেক্স, শের-ই-বাংলা মেডিকেল কলেজ এর সামনে বাঁধ রোড, বরিশাল।
রোগী দেখার সময়: প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ২টা
সিরিয়ালের জন্য: ০১৭১৪-০৬৭৮৮৬, ০১৭০৬-৩৫৪৯৭৫
চেম্বার: মেডিনোভা মেডিকেল সার্ভিসেস লিঃ কে.বি হেমায়েত উদ্দিন রোড (গির্জামহল্লা), বরিশাল।
রোগী দেখার সময়: প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা
সিরিয়ালের জন্য: ০১৭৫২-১৩৪৪৩৮, ০১৭১১-২৪০৯৬৯
বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল

বিসমিল্লাহির রাহমানির রাহিম
কম্পিউটারের সবকিছুই আপনার নাগালে
ঈশিতা কম্পিউটার
All Kinds Of Computer Solution,
Accessories Selling, Training
& Digital Photography
উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২১৩৫৪৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com